রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, মে ২২, ২০১৪

## ৬ষ্ঠ খণ্ড

**প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত বাংলাদেশ সুপ্রীমকোর্ট, বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, সরকারী চাকুরী কমিশন এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অধঃস্তন ও সংযুক্ত দপ্তরসমূহ কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ।**

### বাংলাদেশ সুপ্রীম কোর্ট
### হাইকোর্ট বিভাগ, ঢাকা।

### বিজ্ঞপ্তিসমূহ

তারিখ, ১ জানুয়ারি ২০১৪

**নং ০১ক জি**—বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগের বিগত ২৪-০৭-২০১৩ তারিখের বিজ্ঞপ্তি নং ১৭০-জি এর ধারাবাহিকতায় সুপারিনটেনডেন্ট, মোঃ আবদুল মতিন সরকার-কে ৩১-১২-২০১৩ তারিখ হইতে ৩০-১২-২০১৪ তারিখ পর্যন্ত ১২ মাস পূর্ণ গড় বেতনে অবসর উত্তর ছুটি মঞ্জুর করা হইল। তিনি অবসর উত্তর ছুটি ভোগ শেষে আগামী ৩১-১২-২০১৪ তারিখ হইতে অত্র কোর্টের চাকুরী হইতে অবসর গ্রহণ করিবেন।

**নং ০১ জি**—বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগের সুপারিনটেনডেন্ট, জনাব মোঃ আবদুল মতিন সরকার-এর অবসর উত্তর ছুটি এর অতিরিক্ত পাওনা ০৬ মাস ২১ দিন পূর্ণ গড় বেতনে এবং ২ বছর ০৮ মাস ২৮দিন অর্ধ গড় বেতনের ছুটি পূর্ণ গড় বেতনে রূপান্তরিত করিয়া (০৬ মাস ২১ দিন+০১ বছর ০৪ মাস ১৪ দিন) =০১ বছর ১১ মাস ০৫ দিন পূর্ণ গড় বেতনের ছুটির পরিবর্তে মাসিক মূল বেতন ১৪,৭২৯.০৩ টাকা হারে সর্বাধিক ১২ মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ (১৪,৭২৯.০৩×১২)=মোট ১,৭৬,৭৪৮.৩৬ (এক লক্ষ ছিয়াত্তর হাজার সাতশত আটচল্লিশ) টাকা এককালীন উত্তোলনের জন্য কর্তৃপক্ষ মঞ্জুরী জ্ঞাপন করিয়াছেন।

আদেশক্রমে

**এ, কে, এম, শামসুল ইসলাম**
রেজিস্ট্রার।

---

### পুলিশ হেডকোয়ার্টার্স

### বিজ্ঞপ্তি

তারিখ, ৪ জানুয়ারি ২০১৪

**নং জিএ/৪-২০১৩ (অংশ-১)/১৯**—নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকার স্মারক নং-১৭.০০.০০০০.০৩৫.১৯.১৪৪.১৩ (অংশ-৪)-০৭, তারিখঃ ১-১-২০১৪ এর সম্মতিক্রমে নিম্নবর্ণিত কর্মকর্তা-কে পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত জনস্বার্থে তাঁর নামের পার্শ্বে উল্লিখিত স্থানে বদলী করা হলো ঃ

জনাব মোঃ নূরুল আমীন হাওলাদার (বিপি-৭৪০৫১২০৩৫৮), সিনিয়র সহকারী পুলিশ সুপার, পুলিশ স্টাফ কলেজ, ঢাকা। যুক্তরাজ্য সরকার কর্তৃক প্রদত্ত Chevening Scolarship এর আওতায় LLM With Pre-sessional Course শেষে পুলিশ হেডকোয়ার্টার্সে রিপোর্টকৃত—সিনিয়র সহকারি পুলিশ সুপার, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**হাসান মাহমুদ খন্দকার,** বিপিএম, পিপিএম, এনডিসি
ইন্সপেক্টর জেনারেল।

---

### পুলিশ সুপারের কার্যালয়, টাঙ্গাইল

### অফিস আদেশ

তারিখ, ৩১ ডিসেম্বর ২০১৩

**নং ১১২১(১১)/সি**—নির্বাচন কমিশন সচিবালয় স্মারক নং-১৭.০০.০০০০.০৩৫.১৯.১৪৪.১৩(অংশ-২)-৮০৫, তারিখ ২৬-১২-১৩ এবং পুলিশ হেডকোয়ার্টার্স স্মারক নং-জিএ/৫-২০১৩ (অংশ-১)(ইন্স)/৩৩৩৬, তারিখ ৩০-১২-১৩ মূলে নিম্নলিখিত কর্মকর্তাকে তার নামের পার্শ্ববর্ণিত ইউনিটে বদলী করা হলো ঃ

জনাব মোঃ রবিউল ইসলাম, বিপি নং-৬৯৯৫০৪১৫০১, অফিসার-ইনচার্জ, নাগরপুর থানা, টাঙ্গাইল—লাইন ও আর, টাঙ্গাইল।

এ আদেশ জনস্বার্থে জারী করা হলো এবং অবিলম্বে কার্যকর হবে।

**সালেহ্ মোহাম্মদ তানভীর**
পুলিশ সুপার।

---

### রেঞ্জ ডিআইজির কার্যালয়, চট্টগ্রাম

### আদেশাবলী

তারিখ, ২৩ ডিসেম্বর ২০১৩

**নং প্রশা/০২-২০১৩(অংশ)/১৩৯০**—নির্বাচন কমিশন সচিবালয়ের স্মারক নং-১৭.০০.০০০০.০৩৫.১৯.১৪৪.১৩-৭৮৮, তারিখ ১৯-১২-২০১৩, স্মারক নং-১৭,০০.০০০০.০৩৫.১৯.১৪৪. ১৩(অংশ-২)-৭৯১, তারিখ ১৯-১২-২০১৩ এবং পুলিশ হেডকোয়ার্টার্স

স্মারক নং-জিএ/৫-২০১৩(অংশ)/(ইন্স)/৩২৬৫/১(২০), তারিখ ১৯-১২-২০১৩ মোতাবেক জনাব মোঃ মোস্তাফিজুর রহমান (বিপি নং-৬৫৯১০৭৭২৮৫), নিরস্ত্র পুলিশ পরিদর্শক, ডিএমপি, ঢাকা এর নির্বাচন কমিশন সচিবালয়ের সম্মতিক্রমে জনস্বার্থে নোয়াখালী জেলার বেগমগঞ্জ থানার অফিসার ইনচার্জ হিসেবে বদলী হওয়ায় তিনি বদলীসূত্রে ২৩-১২-২০১৩ তারিখে অত্র দপ্তরে যোগদান করায় তাহাকে যথানিয়মে নোয়াখালী জেলায় যোগদানের নির্দেশ প্রদান করা হইল।

এই আদেশ অবিলম্বে কার্যকর হইবে।

তারিখ, ২৫ ডিসেম্বর ২০১৩

**নং প্রশা/০২-২০১৩(অংশ)/১৩৯১**—নির্বাচন কমিশন সচিবালয়ের স্মারক নং-১৭.০০.০০০০.০৩৫.১৯.১৪৪.১৩(অংশ-২২)-৭৭৬, তারিখ ১৮-১২-২০১৩, স্মারক নং-১৭.০০.০০০০. ০৩৫.১৯.১৪৪. ১৩(অংশ-৪)-৭৭৯, তারিখ ১৮-১২-২০১৩, এবং পুলিশ হেডকোয়ার্টার্স স্মারক নং-জিএ/৫-২০১৩(অংশ)/(ইন্স)/ ৩২৬৪/১(২৫), তারিখ ১৯-১২-২০১৩ মোতাবেক জনাব মোঃ রেজাউল করিম ভূঁইয়া, পিপিএম (বিপি নং-৬৭৯১০০৬২৫১), নিরস্ত্র পুলিশ পরিদর্শক, এসবি, ঢাকা এর নির্বাচন কমিশন সচিবালয়ের সম্মতিক্রমে জনস্বার্থে লক্ষ্মীপুর জেলার রামগঞ্জ থানার অফিসার ইনচার্জ হিসেবে বদলী হওয়ায় তিনি বদলীসূত্রে ২৫-১২-২০১৩ তারিখে অত্র দপ্তরে যোগদান করায় তাহাকে যথানিয়মে লক্ষ্মীপুর জেলায় যোগদানের নির্দেশ প্রদান করা হইল।

এই আদেশ অবিলম্বে কার্যকর হইবে।

**মোঃ নওশের আলী**, পিপিএম
ডিআইজি।

---

## বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেলের কার্যালয়

## অফিস আদেশাবলী

তারিখ, ১১ ডিসেম্বর ২০১৩

**নং সিএজি/জিবি-২/ডেপু-৬৩৪/পার্ট-২৪/৮২**—জনাব আবু তাহের মোহাম্মদ আব্দুর রউফকে জনপ্রশাসন মন্ত্রণালয়ের ০৮-০৯-২০১৩ তারিখের ০৫.১৩২.০১৩.০০.০০.০২৮.২০১২-৯০৪ নম্বর প্রজ্ঞাপনের মাধ্যমে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের হিসাব রক্ষণ কর্মকর্তার প্রেষণ পদ হতে প্রত্যাহারপূর্বক নিজ কর্ম-অধিক্ষেত্রে প্রত্যাবর্তনের লক্ষ্যে তাঁর চাকরি অর্থ বিভাগে প্রত্যর্পণ করা হয়েছে। এর সূত্রে তিনি দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের ০২-১২-২০১৩ তারিখের ৫১.০০.০০০০.২১১.১৮.০২৫.১৩-৯৯৫ নম্বর অফিস আদেশের মাধ্যমে বর্ণিত প্রেষণ পদ হতে ০২-১২-২০১৩ তারিখ অপরাহ্নে অব্যাহতিপ্রাপ্ত হয়ে ০৩-১২-২০১৩ তারিখ পূর্বাহ্নে এ কার্যালয়ে যোগদানের জন্য যোগদানপত্র দাখিল করেছেন।

২। এমতাবস্থায়, জনাব আবু তাহের মোহাম্মদ আব্দুর রউফ [অডিট এন্ড একাউন্টস অফিসার] এর যোগদানপত্র তাঁর যোগদানের তারিখ [০৩-১২-২০১৩] ও সময় (পূর্বাহ্ন) হতে গ্রহণ করতঃ তাঁকে সিজিএ কার্যালয়ের ৯ম গ্রেডভুক্ত পদে আদিষ্ট হয়ে পদস্থাপনপূর্বক ১২-১২-২০১৩ তারিখ অপরাহ্নে অব্যাহতি প্রদান করা হল।

৩। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**নং সিএজি/জিবি-২/ডেপু-৬৩৪/পার্ট-২৩/৮৩**—সুলতান মাহমুদ, নিরীক্ষা ও হিসাব রক্ষণ কর্মকর্তা, সিএজি কার্যালয়, ঢাকাকে জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২৮-১১-২০১৩ তারিখের ০৫.১৩২.০১৯.০০.০০.০৬৮.২০১২-১২১৩ নম্বর প্রজ্ঞাপনের মাধ্যমে Development National ICT Infra-Network for Bangladesh Government Phase-II (Info-Sarkar) শীর্ষক প্রকল্পের হিসাব রক্ষণ কর্মকর্তা পদে প্রেষণে নিয়োগের লক্ষ্যে তাঁকে বদলীপূর্বক তাঁর চাকরি তথ্য ও যোগাযোগ প্রযুক্তি মন্ত্রণালয়ে ন্যস্ত করা হয়েছে।

২। এমতাবস্থায়, তাঁকে প্রেষণে বদলীকৃত কর্মস্থলে যোগদানের জন্য ১২-১২-২০১৩ তারিখ অপরাহ্নে আদিষ্ট হয়ে অব্যাহতি প্রদান করা হল।

৩। প্রেষণে কর্মরত থাকাকালীন সময়ে সংশ্লিষ্ট কমকর্তার ক্ষেত্রে নিম্নবর্ণিত শর্তাবলী প্রযোজ্য হবে ঃ—

(ক) সংশ্লিষ্ট কর্মকর্তার চাকুরি প্রেষণে পদস্থাপিত অফিসে সাধারণভাবে ৩ (তিন) বৎসরের জন্য বহাল থাকবে;

(খ) সরকারি কাজের স্বার্থে কর্তৃপক্ষ তাঁকে যে কোন সময় এই বিভাগে ফেরত আনতে পারবে;

(গ) সংশ্লিষ্ট কর্মকর্তা সরকার কর্তৃক অনুমোদিত বেতন ভাতাদি ও অন্যান্য আর্থিক সুবিধাদি প্রাপ্য হবেন;

(ঘ) এ কার্যালয়ের পূর্বানুমতি ব্যতিরেকে তাঁর পদবী, পদমর্যাদা, দায়িত্ব বা কর্তব্য পরিবর্তন করা যাবে না।

**নং সিএজি/জিবি-২/ডেপু-৬৩৪/পার্ট-৮(ক)/২০০৭/৮৪**—জনাব সফিকুল ইসলাম চৌধুরী, নিরীক্ষা ও হিসাব রক্ষণ কর্মকর্তা, মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের কার্যালয়, ঢাকাকে জনপ্রশাসন মন্ত্রণালয়ের ০১-১২-২০১৩ তারিখের ০৫.১৩২.০১৯.০০.০০. ০৪৭.২০১৩-১২১৮ নম্বর প্রজ্ঞাপনের মাধ্যমে বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের সহকারী পরিচালক পদে প্রেষণে নিয়োগের লক্ষ্যে তাঁকে বদলীপূর্বক তাঁর চাকরি সেতু বিভাগে ন্যস্ত করা হয়েছে।

২। এমতাবস্থায়, তাঁকে প্রেষণে বদলীকৃত কর্মস্থলে যোগদানের জন্য ১২-১২-২০১৩ তারিখ অপরাহ্নে আদিষ্ট হয়ে অব্যাহতি প্রদান করা হল।

৩। প্রেষণে কর্মরত থাকাকালীন সময়ে সংশ্লিষ্ট কমকর্তার ক্ষেত্রে নিম্নবর্ণিত শর্তাবলী প্রযোজ্য হবে ঃ—

(ক) সংশ্লিষ্ট কর্মকর্তার চাকুরি প্রেষণে পদস্থাপিত অফিসে সাধারণভাবে ৩ (তিন) বৎসরের জন্য বহাল থাকবে;

(খ) সরকারি কাজের স্বার্থে কর্তৃপক্ষ তাঁকে যে কোন সময় এই বিভাগে ফেরত আনতে পারবে;

(গ) সংশ্লিষ্ট কর্মকর্তা সরকার কর্তৃক অনুমোদিত বেতন ভাতাদি ও অন্যান্য আর্থিক সুবিধাদি প্রাপ্য হবেন;

(ঘ) এ কার্যালয়ের পূর্বানুমতি ব্যতিরেকে তাঁর পদবী, পদমর্যাদা, দায়িত্ব বা কর্তব্য পরিবর্তন করা যাবে না।

তারিখ, ১৭ ডিসেম্বর ২০১৩

**নং সিএজি/জিবি-২/১০৭/পার্ট-৩২/৮৫**—জনাব মোঃ আব্দুল মালেক, জেলা হিসাব রক্ষণ অফিসার, জেলা হিসাব রক্ষণ অফিস, রাঙ্গামাটি এর জন্ম তারিখ ০১-০১-১৯৫৫। তাঁহার বয়স ৩১-১২-২০১৩ তারিখ ৫৯ বৎসর পূর্ণ হইবে। উক্ত তারিখে সরকারি বিধি মোতাবেক তাঁহার অবসর গ্রহণ কার্যকর হইবে বিধায় তাঁহার আবেদনের প্রেক্ষিতে তাঁহাকে ০১-০১-২০১৪ তারিখ হইতে ৩১-১২-২০১৪ তারিখ পর্যন্ত পূর্ণ বেতনে ১২ (বার) মাস অবসর উত্তর ছুটির মঞ্জুরী আদিষ্ট হইয়া জারী করা হইল।

**এস এম রেজভী**
অতিঃ উপ-মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক (প্রশাসন)।

**বিভাগীয় কমিশনারের কার্যালয়**
**রাজশাহী বিভাগ, রাজশাহী**
**(রাজস্ব শাখা)**
**আদেশাবলী**

তারিখ, ২ ডিসেম্বর ২০১৩

**নং ০৫.৪৩.০০০০.০১১.০৯.০০১.১৩.১১৪৯**—জেলা প্রশাসকের কার্যালয়, জয়পুরহাটে কর্মরত সহকারী কমিশনার মোছাঃ ফারহানা আফসানা চৌধুরী (১৭২০৭) কে তাঁর এখতিয়ারাধীন এলাকায় পি.ডি.আর. এ্যাক্ট ১৯১৩ এর ৩(৩) ধারার বিধান মোতাবেক জেনারেল সাটিফিকেট অফিসারের ক্ষমতা প্রদান করা হলো।

তারিখ, ১৮ ডিসেম্বর ২০১৩

**নং ০৫.৪৩.০০০০.০১১.০৯.০০১.১৩.১২০৮**—জেলা প্রশাসকের কার্যালয়, নওগাঁয় কর্মরত সহকারী কমিশনার মোঃ আব্দুল্লাহ আল মামুন (পরিচিতি নম্বর ১৬৬৫৫) কে তাঁর এখতিয়ারাধীন এলাকায় জেনারেল সাটিফিকেট মামলা পরিচালনার নিমিত্ত পাবলিক ডিমান্ড রিকভারী এ্যাক্ট ১৯১৩ এর ৩ (৩) ধারার বিধান মোতাবেক জেনারেল সাটিফিকেট অফিসারের ক্ষমতা প্রদান করা হলো।

**হেলালুদ্দীন আহমদ**
বিভাগীয় কমিশনার।

---

**(সাধারণ শাখা)**

**প্রজ্ঞাপন**

তারিখ, ১৮ ডিসেম্বর ২০১৩

**নং ০৫.৪৩.০০০০.০১২.৩৩.০০১.১৩-১৬৬১**—এ কার্যালয়ের ১৫ ডিসেম্বর ২০১৩ তারিখের ০৫.৪৩.০০০০.০১২.৩৩.০০১.১৩.-১৬৪৪ নং স্মারকের প্রেক্ষিতে নির্বাচন কমিশন সচিবালয়ের ১৮-১২-২০১৩ তারিখের ১৭.০০.০০০০.০৩৫.১৯.১৪৪.১৩(অংশ-২)-৭৭৭ নং স্মারকের অনুমোদনক্রমে নিম্নবর্ণিত কর্মকর্তাগণকে পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত তাদের নামের পাশে বর্ণিত কর্মস্থলে উপজেলা নির্বাহী অফিসার হিসেবে পদায়ন/বদলি করা হল ঃ

| ক্রমিক নং | কর্মকর্তার নাম, পরিচিতি নম্বর ও নিজ জেলা | বর্তমান কর্মস্থল | বদলিকৃত কর্মস্থল |
|---|---|---|---|
| (১) | জনাব রাসেল মনজুর (১৫৭৬৫)<br>নিজ জেলা নড়াইল। | পরবর্তী পদায়নের জন্য বিভাগীয় কমিশনার, রাজশাহীর কার্যালয়ে ন্যস্ত। | উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় ক্ষেতলাল, জয়পুরহাট। |
| (২) | বেগম শাহানা আখতার জাহান (১৫৭৩১)<br>নিজ জেলা চাঁপাইনবাবগঞ্জ। | উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় ক্ষেতলাল, জয়পুরহাট। | উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় মান্দা, নওগাঁ। |

২। ১নং ক্রমিকের পদায়নকৃত কর্মকর্তাকে আগামী ১৯-১২-২০১৩ তারিখ অপরাহ্নে এ কার্যালয় থেকে অবমুক্ত করা হল। উল্লেখ্য তিনি এ কার্যালয় থেকে কোন বেতন ভাতা গ্রহণ করেন নি।

৩। বদলিকৃত/পদায়িত কর্মকর্তাগণ উপজেলা নির্বাহী অফিসার হিসেবে নিজ অধিক্ষেত্রের/উপজেলা এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেটের দায়িত্ব এবং ফৌজদারী কার্যবিধি ১৮৯৮ এর ১৪৪ ধারার ক্ষমতা প্রয়োগ করবেন।

৪। জনস্বার্থে জারিকৃত আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**হেলালুদ্দীন আহমদ**
বিভাগীয় কমিশনার।

---

**বিভাগীয় কমিশনারের কার্যালয়**
**রংপুর বিভাগ, রংপুর**
**(সংস্থাপন শাখা)**

**প্রজ্ঞাপন**

তারিখ, ৭ জানুয়ারি ২০১৪

**নং ০৫.৪৭.০০০০.০০৬.০৮.০০১.১৩-০৯**—এ বিভাগে উপজেলা নির্বাহী অফিসার হিসেবে কর্মরত বিসিএস (প্রশাসন) ক্যাডারের নিম্নবর্ণিত কর্মকর্তাগণকে প্রশাসনিক কারণে পুনরাদেশ না দেওয়া পর্যন্ত তাঁদের নামের পার্শ্বে বর্ণিত উপজেলায় উপজেলা নির্বাহী অফিসার হিসেবে পদায়ন/বদলি করা হলো ঃ

(১) জনাব মুহাম্মদ মাহবুবুল হক (১৫০৬১), উপজেলা নির্বাহী অফিসার, দেবীগঞ্জ, পঞ্চগড়—উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, পলাশবাড়ী, গাইবান্ধা।

(২) জনাব মোঃ আশরাফুজ্জামান (১৫১৩২), উপজেলা নির্বাহী অফিসার, গোবিন্দগঞ্জ, গাইবান্ধা—উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, ডিমলা, নীলফামারী।

(৩) জনাব মোহাম্মদ মামুন-উল-হাসান (১৫২৩১), উপজেলা নির্বাহী অফিসার, চিলমারী, কুড়িগ্রাম—উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, গোবিন্দগঞ্জ, গাইবান্ধা।

(৪) জনাব মোঃ তোফাজ্জল হোসেন (১৫৩৪২), উপজেলা নির্বাহী অফিসার, পলাশবাড়ী, গাইবান্ধা—উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, দেবীগঞ্জ, পঞ্চগড়।

(৫) জনাব মুহাঃ আহসান হাবিব (১৫৫১৬), উপজেলা নির্বাহী অফিসার, নবাবগঞ্জ, দিনাজপুর—উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, সাদুল্লাপুর, গাইবান্ধা।

(৬) জনাব সৈয়দ ফরহাদ হোসেন (১৫৫৫৮), উপজেলা নির্বাহী অফিসার, সাদুল্লাপুর, গাইবান্ধা—উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, নবাবগঞ্জ, দিনাজপুর।

(৭) জনাব মোঃ আহসান হাবিব (১৫৭১৫), উপজেলা নির্বাহী অফিসার, সুন্দরগঞ্জ, গাইবান্ধা—উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, চিলমারী, কুড়িগ্রাম।

(৮) জনাব আবু রাফা মোহাম্মদ আরিফ (১৫৮৪৩), উপজেলা নির্বাহী অফিসার, ডিমলা, নীলফামারী—উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, সুন্দরগঞ্জ, গাইবান্ধা।

২। বদলিকৃত কর্মকর্তাগণকে বদলিকৃত কর্মস্থলে আবশ্যিকভাবে আগামী ০৯-০১-২০১৪ তারিখ যোগদান করতে হবে।

৩। জনস্বার্থে এ আদেশ জারী করা হলো।

৪। এতে নির্বাচন কমিশনের সম্মতি রয়েছে।

**মুহাম্মদ দিলোয়ার বখ্‌ত**
বিভাগীয় কমিশনার।

---

**শুল্ক মূল্যায়ন ও অভ্যন্তরীণ নিরীক্ষা কমিশনারেট**

**আদেশ**

তারিখ, ২৬ ডিসেম্বর ২০১৩

**নং শুমূঅনি/ইটি/১৯৪/২০১২/১৪০৬**—শুল্ক মূল্যায়ন ও অভ্যন্তরীণ নিরীক্ষা কমিশনারেট, ঢাকা এর পত্র নথি নং-১ম/৫৮/(৩)বিবিধ/২০০৭/১৩৮৭, তারিখ ২৪-১২-২০১৩ তারিখের পত্র এতদ্বারা বতিলপূর্বক জাতীয় রাজস্ব বোর্ডের প্রজ্ঞাপন নথি নং-৫(৫)শুঃভঃপ্রঃ-১/২০০৬(অংশ)/৮৭৪(২), তাং ১০-১২-২০১৩ মোতাবেক নিজ দায়িত্বের অতিরিক্ত "ভ্যাট অনলাইন প্রজেক্ট" এ দায়িত্ব পালনের লক্ষ্যে এ দপ্তরে কর্মরত সহকারী কমিশনার তার নামে বর্ণিত নতুন কর্মস্থলে যোগদানের লক্ষ্যে ২৯-১২-২০১৩ তারিখ অপরাহ্নে অবমুক্ত করা হলো।

| কর্মকর্তার নাম | বর্তমান কর্মস্থল | বদলীকৃত কর্মস্থল |
|---|---|---|
| মিসেস সানজিদা খানম, সহকারী কমিশনার | শুল্ক মূল্যায়ন ও অভ্যান্তরীণ নিরীক্ষা কমিশনারেট, চট্টগ্রাম আঞ্চলিক অফিস, চট্টগ্রাম। | জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা। |

২। জাতীয় রাজস্ব বোর্ডের সদস্য (মূসকঃ নীতি) জনাব জাহাঙ্গীর হোসেনের সাথে আলোচনাপূর্বক এ আদেশ জারী করা হলো।

**এ. এইচ. এম. শাহাবুদ্দীন নাগরী**
কমিশনার (চলতি দায়িত্ব)।

---

**কাস্টম, এক্সাইজ ও ভ্যাট**
**ঢাকা উত্তর কমিশনারেট**

**সংশোধনী আদেশ**

তারিখ, ২৩ ডিসেম্বর ২০১৩

**নং ২(৭)২/জঃপ্রঃ/সদর/১/২০১০/অংশ-১/১১১৭**—কাস্টমস্ এক্সাইজ ও ভ্যাট, ঢাকা উত্তর কমিশনারেটের প্রজ্ঞাপন নং২(৭)২/জঃপ্রঃ/সদর/১/২০১০/অংশ-১/১০৪৪(১৮), তারিখ ০৩-১২-২০১৩ এর মাধ্যমে ময়মনসিংহ বিভাগীয় দপ্তরে বদলিকৃত সহকারী রাজস্ব কর্মকর্তা জনাব মোঃ সাইফুর রহমান এর স্থলে জাতীয় রাজস্ব বোর্ডের সংশোধনী আদেশ নং-৭(৪)শুঃভঃপ্রঃ-৩/২০০৬/৩৪৯(৫), তারিখ ০৪-১২-২০১৩ অনুযায়ী মোঃ সাইফুর রহমান মামুন পড়তে হবে। উক্ত প্রজ্ঞাপনের অন্যান্য অংশ অপরিবর্তিত থাকবে।

২। এ আদেশ জনস্বার্থে জারি করা হলো।

**মনোয়ারা আক্তার**
সহকারী কমিশনার
কমিশনারের পক্ষে।

---

**কাস্টম, এক্সাইজ ও ভ্যাট কমিশারেট, সিলেট**

**প্রজ্ঞাপন**

তারিখ, ২ জানুয়ারি ২০১৪

**নং ২য়/ইটি-১(১)/অফিস আদেশ/সিঃকমিঃ/২০০৯/২৩**—আবগারী ও ভ্যাট সার্কেল, সিলেট-১ ও ৪-এ কর্মরত রাজস্ব কর্মকর্তা, জনাব মোঃ মাহিদুল ইসলাম অসুস্থতাজনিত ছুটি শেষে কাজে যোগদান না করা পর্যন্ত আবগারী ও ভ্যাট বিভাগ, সিলেট-এ কর্মরত রাজস্ব কর্মকর্তা, জনাব মোহাম্মদ আলী নিজ দায়িত্বের অতিরিক্ত হিসেবে আবগারী ও ভ্যাট সার্কেল, সিলেট-১ ও ৪-এর রাজস্ব কর্মকর্তার দায়িত্ব পালন করবেন। জনাব মোঃ মাহিদুল ইসলাম ছুটি শেষে কাজে যোগদান করার পর এই আদেশ স্বয়ংক্রিয়ভাবে বাতিল বলে গণ্য হবে।

২। এ আদেশ জনস্বার্থে জারি করা হলো এবং অবিলম্বে কার্যকর হবে।

**ওমর মবিন**
সহকারী কমিশনার (সদর-৩)
কমিশনারের পক্ষে।

---

**কর কমিশারের কার্যালয়**
**কর অঞ্চল বগুড়া**

**আদেশ**

তারিখ, ৭ জানুয়ারি ২০১৪

**নং ১ই/কর প্রশাসন-১/কঃঅঃবঃ/২০১৩-২০১৪/৫৩১**—পুনরাদেশ না দেওয়া পর্যন্ত কর কমিশনারের কার্যালয় কর অঞ্চল বগুড়া এর নিম্নবর্ণিত কর্মকর্তাকে তার নামের পার্শ্বে বর্ণিত অফিসে বদলী/পদস্থ/অতিরিক্ত দায়িত্ব প্রদান করা হল ঃ

| ক্রমিক নং | নাম, পদবী ও বর্তমান কর্মস্থল | বদলী/পদস্থকৃত কর্মস্থল/সার্কেল | অতিরিক্ত দায়িত্ব |
|---|---|---|---|
| (১) | জনাব মোঃ আবদুল্লাহ আফতাবী, অতিঃ সহঃ কর কমিশনার, সার্কেল-১৫, বগুড়া কর অঞ্চল বগুড়া। | - | সার্কেল ১৪, বগুড়া। |

এই আদেশ জনস্বার্থে ও প্রশাসনিক প্রয়োজনে করা হল এবং অবিলম্বে কার্যকর হবে।

**মোঃ আবদুল মজিদ**
কর কমিশনার।

---

**স্বাস্থ্য অধিদপ্তর**
**স্বাস্থ্য শিক্ষা ব্যুরো**

**প্রজ্ঞাপন**

তারিখ, ৬ জানুয়ারি ২০১৪

**নং স্বাঃঅঃ/স্বাঃশিঃব্যুঃ/১এ-২৩৬/১১৩**—স্বাস্থ্য অধিদপ্তরাধীন স্বাস্থ্য শিক্ষা ব্যুরো এর আওয়াভুক্ত নিম্নেবর্ণিত কর্মকর্তা-কে তার নামের পার্শ্বে উল্লিখিত পদে ও কর্মস্থলে বদলী/পদায়ন করে বহাল করা হল।

জনাব মোঃ আবু হানিফা, মিডিয়া ডেভেলপমেন্ট অফিসার, স্বাস্থ্য শিক্ষা ব্যুরো ও প্রোগ্রাম ম্যানেজার, হেলথ এডুকেশন এন্ড প্রমোশন, স্বাস্থ্য অধিদপ্ত—বিভাগীয় স্বাস্থ্য শিক্ষা অফিসার, পরিচালক (স্বাস্থ্য) এর কার্যালয়, ঢাকা বিভাগ, ঢাকা এর (শূন্য পদে)।

এ আদেশ জনস্বার্থে জারী করা হল এবং অবিলম্বে কার্যকর হবে।

এতে মহাপরিচালক মহোদয়ের অনুমোদন রয়েছে।

**ডাঃ মোঃ শাহ নেওওয়াজ**
পরিচালক (প্রশাসন)।

**মৎস্য অধিদপ্তর**

**আদেশাবলী**

তারিখ, ৮ জানুয়ারি ২০১৪

**নং ৩৩.০২.০০০০.১০২.০১.০৩৭.৮১.১৯**—জনাব মোঃ তাজুল ইসলাম, সহকারী পরিচালক (নিখোঁজ), মৎস্য প্রশিক্ষণ একাডেমী, সাভার, ঢাকা এর পূর্ণ গড় বেতনে ১ বৎসর ৫ মাস ১৬ দিন এবং অর্ধ গড় বেতনে ১ বৎসর ৪ মাস ১৭ দিন অর্জিত ছুটি পাওনা থাকায় উহার বিপরীতে কর্মকর্তাকে অর্থ মন্ত্রণালয়ের ২১-১-১৯৮৫ তারিখের এম,এফ/এফ,ডি/রেগ-২/লিভ-১৬/৮৪/৯ সংখ্যক স্মারক মূলে ১২ (বার) মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ অর্থাৎ (৭৪৬০×১২)=৮৯,৫২০ (উননব্বই হাজার পাঁচশত বিশ) টাকা মাত্র লাম্পগ্র্যান্ট হিসাবে উত্তোলনের জন্য এতদ্বারা অনুমতি প্রদান করা হইল।

**আদেশ**

তারিখ, ১৬ জানুয়ারি ২০১৪

**নং ৩৩.০২.০০০০.১০২.০১.৬৭০.৮৬-০২৮**—মৎস্য অধিদপ্তরের ০৯-১২-২০১৩ তারিখের মঅ/প্রঃ শাঃ ১/৬৭০-৮৩/৯৩৫ সংখ্যক অফিস আদেশের মাধ্যমে জারীকৃত জনাব মোঃ আজিজুল হক, সহকারী মৎস্য কর্মকর্তা, উপজেলা মৎস্য কর্মকর্তার দপ্তর, কালিয়া, নড়াইল এর সহকারী মৎস্য কর্মকর্তা, উপজেলা মৎস্য কর্মকর্তার দপ্তর, বাঘারপাড়া, যশোর-এ বদলীর স্থগিত আদেশটি এতদ্বারা প্রত্যাহার করা হলো। কর্মকর্তাকে বদলীকৃত কর্মস্থলে যোগদানের উদ্দেশ্যে আগামী ০৩-০২-২০১৪ তারিখের মধ্যে দায়িত্বভার হস্তান্তর করতে হবে। অন্যথায় পরবর্তী কার্যদিবসে তিনি স্বীয় কর্মস্থল হতে তাৎক্ষণিক অব্যাহতি প্রাপ্ত হয়েছেন বলে গণ্য হবেন।

**নং ৩৩.০২.০০০০.১০২.৫২.০০৬.০২-০৩৩**—মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের প্রজ্ঞাপন নং ৩৩.০০.০০০০.১২৬.০৪.০০৪.১৩.-০২১ তারিখ ০৯-০১-২০১৪ মোতাবেক সহকারী পরিচালক পদে ৬ষ্ঠ বেতন গ্রেডে পদোন্নতিপ্রাপ্ত নিম্নবর্ণিত কর্মকর্তাগণকে তাঁদের নামের পার্শ্বে বর্ণিত কর্মকর্তার নিকট দায়িত্বভার হস্তান্তর করে পদায়নকৃত/পদোন্নতিপ্রাপ্ত পদে যোগদানের জন্য অনুরোধ করা হলো।

| ক্রমিক নং | কর্মকর্তার নাম, (মূল পদ), বর্তমান পদবী ও কর্মস্থল | পদায়ন/পদোন্নতিপ্রাপ্ত পদ ও কর্মস্থল | যার নিকট দায়িত্বভার হস্তান্তর করতে হবে |
|---|---|---|---|
| (১) | শেখ আব্দুল মান্নান (উপজেলা মৎস্য কর্মকর্তা) খামার ব্যবস্থাপক, মৎস্য বীজ উৎপাদন খামার, খুলনা সদর, খুলনা। | সহকারী পরিচালক জেলা মৎস্য অফিস, খুলনা। | কর্মকর্তা নিজ দায়িত্বের অতিরিক্ত হিসেবে খামার ব্যবস্থাপক, মৎস্য বীজ উৎপাদান খামার, খুলনা সদর, খুলনা এর দায়িত্ব পালন করবেন। |
| (২) | জনাব মোঃ নাজমুল হুদা, (উপজেলা মৎস্য কর্মকর্তা), প্রকল্প কর্মকর্তা পোল্ডার প্রকল্প, উপপরিচালকের কার্যালয়, মৎস্য অধিদপ্তর, খুলনা বিভাগ, খুলনা। | সহকারী পরিচালক জেলা মৎস্য অফিস, পটুয়াখালী। | সহকারী পরিচালক মৎস্য অধিদপ্তর, খুলনা বিভাগ, খুলনা এর নিকট তিনি দায়িত্বভার হস্তান্তর করবেন। |
| (৩) | জনাব জহিরউদ্দিন আহমেদ, (উপজেলা মৎস্য কর্মকর্তা), খামার ব্যবস্থাপক, মৎস্য বীজ উৎপাদন খামার, ডুমুরিয়া, খুলনা। | সহকারী পরিচালক জেলা মৎস্য অফিস, শরীয়তপুর। | ১। সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, ডুমুরিয়া, খুলনা এর নিকট তিনি দায়িত্বভার হস্তান্তর করবেন।<br>২। কর্মকর্তা উপপরিচালক, মৎস্য অধিদপ্তর, খুলনা বিভাগ, খুলনা এর সাথে সংযুক্ত থেকে প্রকল্প কর্মকর্তা, পোল্ডার প্রকল্প, উপপরিচালকের কার্যালয়, মৎস্য অধিদপ্তর, খুলনা বিভাগ, খুলনা এর দায়িত্ব সাময়িকভাবে পালন করবেন। |

এ আদেশ জনস্বার্থে জারী করা হলো এবং অবিলম্বে কার্যকর হবে।

**সৈয়দ আরিফ আজাদ**
মহাপরিচালক (অতিঃ দায়িত্ব)।

**মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর**

**প্রজ্ঞাপন**

তারিখ, ০৯ জানুয়ারি ২০১৪

**নং ১পি-৯৩ জিএ/২০১৩/১১২৬/১০-(ছুটি)**—১৯৫৯ সালের নির্ধারিত ছুটি বিধিমালার ৩ (১) বি (iii) বিধি মোতাবেক সরকারি তোলারাম কলেজ, নারায়ণগঞ্জ'র প্রাক্তন অধ্যাপক (রাষ্ট্রবিজ্ঞান) জনাব বীনা রাণী মোদক-কে ০১-০২-২০১৪ তারিখ হতে ৩১-০১-২০১৫ তারিখ পর্যন্ত ১২ মাস (১ বছর) অর্ধগড় বেতনে অবসর উত্তর ছুটি (পি.আর.এল) মঞ্জুর করা হ'ল। পি.আর.এল মঞ্জুরির পর তাঁর অর্ধগড় বেতনের প্রাপ্য ১৭ মাস ছুটিকে গড় বেতনে রূপান্তর করে ০৮ মাস ১৫ দিনের লিভলেফটওভার ছুটির টাকা মঞ্জুর করা হ'ল।

প্রত্যয়ন করা যাচ্ছে যে, বেসরকারি চাকুরির প্রত্যয়নপত্র ও চাকুরি বিবরণী অনুযায়ী তাঁর চাকুরিতে কোন ব্যাহতি/বিরতি নেই।

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ প্রজ্ঞাপনজারি করা হ'ল।

**মোঃ শফিকুল ইসলাম সিদ্দিকি**
উপ-পরিচালক (সাঃ প্রঃ)।

## প্রাথমিক শিক্ষা অধিদপ্তর

### প্রজ্ঞাপনসমূহ

তারিখ, ২৫ পৌষ ১৪২০/০৮ জানুয়ারি ২০১৪

**নং প্রাশিঅ/ইউআরসি/ইন্স/বদলি/চবি/০৬-পার্ট-০৩/৬৬/০২**—উপজেলা রিসোর্স সেন্টারের নিম্নোক্ত কর্মকর্তাগণকে পুনরাদেশ না দেয়া পর্যন্ত একই বেতন ও বেতনস্কেলে তাঁদের নামের পাশে বর্ণিত কর্মস্থলে বদলিভিত্তিক নিয়োগ করা হ'লঃ

(১) বেগম সাবেরা সুলতানা, ইন্স্ট্রাক্টর, টিআরসি, সূত্রাপুর, ঢাকা—টিআরসি, রমনা, ঢাকা।

(২) বেগম শাহিদা সুলতানা, ইন্স্ট্রাক্টর, টিআরসি, রমনা, ঢাকা—টিআরসি, সূত্রাপুর, ঢাকা।

(৩) বেগম মঞ্জিল আরা বেগম, ইন্স্ট্রাক্টর, টিআরসি, সেনানিবাস, ঢাকা—টিআরসি, মিরপুর, ঢাকা।

(৪) বেগম মোছাঃ জেবুন্নেছা শেলী, ইন্স্ট্রাক্টর, টিআরসি, মিরপুর, ঢাকা—টিআরসি, সেনানিবাস, ঢাকা।

(৫) বেগম মাহ্‌ফুজা খানম, ইন্স্ট্রাক্টর, টিআরসি, লালবাগ, ঢাকা—টিআরসি, গুলশান, ঢাকা।

(৬) বেগম নাজমা বিন্‌তে কাদির, ইন্স্ট্রাক্টর টিআরসি, গুলশান, ঢাকা—টিআরসি, লালবাগ, ঢাকা।

২। ক্রমিক নং ০১-এ বর্ণিত কর্মকর্তাকে জনস্বার্থে ও ক্রমিক নং ২-৬ এ বর্ণিত কর্মকর্তাগণকে আবেদনের প্রেক্ষিতে এ বদলির আদেশ জারী করা হল।

৩। ক্রমিক নং ৫-এ বর্ণিত বেগম মাহ্‌ফুজা খানম গুলশান, ঢাকা টিআরসিতে যোগদানের পরও প্রাথমিক শিক্ষা অধিদপ্তর-এর ১৭ জুন ২০১৩ তারিখের প্রাশিঅ/সাঃ প্রঃ/৭এ/৩৭/২০০৮/৮৫৫ (২৪) নং স্মারকের জারীকৃত সংযুক্তি আদেশ বহাল থাকবে।

৪। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

তারিখ, ২৬ পৌষ ১৪২০/০৯ জানুয়ারি ২০১৪

**নং ৮টি/২প্রাই(পিটিআই)/২০১৩/০৩**—প্রাথমিক শিক্ষা অধিদপ্তরাধীন নিম্নোক্ত পিটিআই ইন্স্ট্রাক্টরদ্বয়কে পুনরাদেশ না দেয়া পর্যন্ত নিজ বেতন ও বেতনস্কেলে তাঁদের নামের পার্শ্বে বর্ণিত পিটিআইতে বদলিপূর্বক নিয়োগ করা হ'লঃ—

(১) বেগম শাহনাজ বেগম, ইন্স্ট্রাক্টর (সাধারণ) পিটিআই, নেত্রকোনা—পিটিআই, ময়মনসিংহ।

(২) জনাব মোঃ জয়নাল আবেদীন, ইন্স্ট্রাক্টর (সাধারণ) পিটিআই, ময়মনসিংহ—পিটিআই, নেত্রকোনা।

২। ক্রমিক নং ০১-এ বর্ণিত ইন্স্ট্রাক্টরকে আবেদনের পরিপ্রেক্ষিতে এবং ক্রমিক নং ২-এ বর্ণিত ইন্স্ট্রাক্টরকে জনস্বার্থে বদলি করা হল।

৩। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**এস এম মেসবাহউল ইসলাম**
অতিরিক্ত মহাপরিচালক।

## মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর

### অফিস আদেশ

তারিখ ২৬ পৌষ ১৪২০/০৯ জানুয়ারি ২০১৪

**নং ডিপিএন্ডপি(ই)-৭(৫)/৯৯/৫৯/১৯**—জনপ্রশাসন মন্ত্রণালয়ের ১-০১-২০১৪ তারিখের ০৫.০০.০০০০.২০০.২৫.০২৬.১৩-০১ নম্বর স্মারক মোতাবেক আগামী ১২-০১-২০১৪ হতে ১২-০৩-২০১৪ তারিখ পর্যন্ত অনুষ্ঠিতব্য ৯৩ তম উচ্চতর প্রশাসন ও উন্নয়ন শীর্ষক প্রশিক্ষণ কোর্সে বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিসের উপ-পরিচালক জনাব আবদুর রশিদ'কে মনোনয়ন দেয়ায় তাঁকে উক্ত কোর্সে অংশ গ্রহণের জন্য অদ্য ০৯-০১-২০১৪ তারিখ অপরাহ্নে এতদ্বারা অবমুক্ত করা হল।

২। সংশ্লিষ্ট কর্মকর্তার অনুপস্থিতকালীন সময়ে বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিসের সহকারী পরিচালক জনাব মোঃ শাহ-ই-আলম পাটোয়ারী উক্ত অফিসের উপ-পরিচালকের দায়িত্ব পালন করবেন।

৩। এ দায়িত্ব পালনের জন্য বিধি মোতাবেক তিনি দায়িত্বভাতা পাবেন।

**এ, কে, এম, মানজুরুল হক**
মহাপরিচালক।

## কারা অধিদপ্তর

### আদেশ

তারিখ, ০১ জানুয়ারি ২০১৪

**নং ৪৪.০৭.০০০০.০২৩.০১.০০১.১৩-০১**—কারা অধিদপ্তরের স্মারক নং-৪৪.০৭.০০০০.০২৩.০১.০০১.১৩-৩০৬ তারিখ ৩০-১২-২০১৩ এর মাধ্যমে জারীকৃত আদেশটি এতদ্বারা বাতিল করতঃ নিম্নোক্ত জেলার/ডেপুটি জেলারগণকে তাদের নামের পাশে বর্ণিত কারাগারে বদলী করা হ'ল। তাদের স্থানীয় ব্যবস্থাপনায় কর্মমুক্ত হয়ে সত্ত্বর নতুন কর্মস্থলে যোগদানের জন্য নির্দেশ দেয়া হ'ল।

| ক্রমিক নং | কর্মকর্তার নাম | বর্তমান কর্মস্থল | বদলীকৃত কর্মস্থল |
|---|---|---|---|
| (১) | জনাব মোঃ মাসুদুর রহমান (জেলার) | জামালপুর জেলা কারাগার | পাবনা জেলা কারাগার |
| (২) | জনাব মোঃ আনোয়ার হোসেন (ডেপুটি জেলার) | রাজশাহী কেন্দ্রীয় কারাগার। | জামালপুর জেলা কারাগার<br>জেলার (চলতি দায়িত্ব) |

জনস্বার্থে এ আদেশ জারী করা হল। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**সৈয়দ ইফতেখার উদ্দীন**
ব্রিগেডিয়ার জেনারেল
কারা মহাপরিদর্শক।

## ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর

### প্রজ্ঞাপন

তারিখ, ৩০ পৌষ ১৪২০/১৩ জানুয়ারি ২০১৪

**নং এফএসওসিডি/দ-৪/২০০১(প্রঃ)/৪৩৩**—স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের পদোন্নতি/উচ্চতর স্কেল (টাইমস্কেল)/সিলেকশন গ্রেড/প্রদানের জন্য গঠিত বিভাগীয় নির্বাচন/বাছাই কমিটির ২৬-১২-২০১৩ তারিখের সভার সুপারিশক্রমে এবং স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের স্মারক নং ৪৪.০০.০০০০.০২৫. ২৮.০০১.১১-০৭ তারিখ ০২-০১-২০১৪ এর নির্দেশ মোতাবেক ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর এবং অধিদপ্তরের আওতাধীন দ্বিতীয় শ্রেণীর নিম্নবর্ণিত ৯ (নং) জন কর্মকর্তাকে জাতীয় বেতন স্কেল/২০০৯ এর টাকা ১১০০০-২০৩৭০ তে তাদের নামের পার্শ্বে উল্লিখিত তারিখ হতে সিলেকশন গ্রেড মঞ্জুরী আদেশ প্রদান করা হল।

| ক্রমিক নং | নাম, পদবী ও পি,এন | কর্মস্থল | সিলেকশন গ্রেড প্রাপ্যতার তারিখ |
|---|---|---|---|
| (১) | জনাব সুভাষ চন্দ্র দেবনাথ, সহকারী পরিচালক (প্রশাসন ও অর্থ), চঃ দাঃ-(৫৯৬৭)। | ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, অধিদপ্তর, ঢাকা। | ১৯-০৮-২০১৩ |
| (২) | জনাব কে, এম, সাইফুল ইসলাম, উপ সহকারী পরিচালক- ৫৬৯০। | উপ সহকারী পরিচালকের দপ্তর, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, পাবনা। | ০৫-০৮-২০১৩ |
| (৩) | জনাব মোঃ আহসানুল কবির, উপ সহকারী পরিচালক- ৫৯৬৬। | উপ সহকারী পরিচালকের দপ্তর, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, নাটোর। | ১৬-০৮-২০১৩ |
| (৪) | জনাব মাসুদুর রহমান আকন্দ, উপ সহকারী পরিচালক- ৫৬৯৪। | উপ সহকারী পরিচালকের দপ্তর, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, ঢাকা (উত্তর)। | ০৫-০৮-২০১১ |
| (৫) | জনাব মোঃ শাহাবুদ্দিন মজুমদার সহকারী পরিচালক, চঃ দাঃ-(৬৬২১)। | সহকারী পরিচালকের দপ্তর, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, কুমিল্লা। | ১৫-০৮-২০১৩ |
| (৬) | জনাব মোঃ ইউনুস আলী, উপ সহকারী পরিচালক- (৬৬২৯) | উপ সহকারী পরিচালকের দপ্তর, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, নীলফামারী। | ১৩-০৯-২০১৩ |
| (৭) | জনাব তনয় বিশ্বাস, উপ সহকারী পরিচালক-৫৬০২। | উপ সহকারী পরিচালকের দপ্তর, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, মৌলভীবাজার। | ০৫-০৮-২০১৩ |
| (৮) | জনাব এ. বি. এম. মমতাজ উদ্দিন আহমেদ, উপ সহকারী পরিচালক-৫৭৯০। | উপ সহকারী পরিচালকের দপ্তর, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, নারায়ণগঞ্জ। | ০৫-০৮-২০১৩ |
| (৯) | জনাব মোঃ রুহুল কুদ্দুস, উপ সহকারী পরিচালক- ৫৭৮৯। | উপ সহকারী পরিচালকের দপ্তর, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, মাগুরা। | ১৫-০৯-২০১৩ |

এ আদেশ যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জনস্বার্থে জারী করা হল।

**ব্রিঃ জেঃ আলী আহাম্মেদ খান,** পিএসসি
মহাপরিচালক।

---

## শ্রম পরিদপ্তর

### প্রজ্ঞাপন

তারিখ, ৩১ ডিসেম্বর ২০১৩

**নং শ্রপ/সংস্থাপন/২এ-৩/১৯৮৭/১১০৮**—শ্রম পরিদপ্তর, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন পরিদপ্তর, নিম্নতম মজুরী বোর্ড, শ্রম আদালত এবং শ্রম আপীল আদালত (কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা, ১৯৯৬ অনুযায়ী অত্র পরিদপ্তরের নিম্নবর্ণিত ২য় শ্রেণীর কর্মকর্তার চাকুরীর দু'বছর শিক্ষানবিসকাল সন্তোষজনকভাবে সমাপ্ত হওয়ায় তাকে স্বপদে যোগদানের তারিখ থেকে স্থায়ী করা হ'ল ঃ

| ক্রমিক নং | নাম, পদবী ও বর্তমান কর্মস্থল | নিজ জেলা ও জন্ম তারিখ | বর্তমান পদে যোগদানের তারিখ | শিক্ষানবিসকাল | স্থায়ীকরণের তারিখ |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| (১) | জনাব এ, টি, এম লুৎফুর রহমান, আর্টিষ্ট, শিল্প সম্পর্ক শিক্ষায়তন, রাজশাহী। | ময়মনসিংহ ০১-১০-১৯৫৮ | ২০-৪-১৯৮৭ | ২০-০৪-১৯৮৭ হতে ১৯-০৪-১৯৮৯ | ২০-০৪-১৯৮৭ |

সরকারী প্রচলিত বিধিবিধান অনুযায়ী তার জ্যেষ্ঠতা নির্ধারণ করা হবে।

**আবু সাঈদ মোঃ খুরশিদুল আলম**
শ্রম পরিচালক (যুগ্ম-সচিব)।

**নিবন্ধন পরিদপ্তর**

**বিজ্ঞপ্তি**

তারিখ, ১০ ডিসেম্বর ২০১৩

**নং নিপ/নিয়োগ/রেজিঃ শাখা-১/৩৬৪**—পরিদপ্তরের ১৩-১১-২০১৩ তারিখের ৩৫০ নং বিজ্ঞপ্তি মূলে চট্টগ্রাম জেলার জোড়ারগঞ্জ সাব-রেজিস্ট্রী অফিসের সাব-রেজিস্ট্রার জনাব মোঃ আব্দুল মান্নান কে উক্ত জেলার সাতকানিয়া এবং সাতকানিয়া সাব-রেজিস্ট্রী অফিসের সাব-রেজিস্ট্রার জনাব মোঃ লোকমান হোসেন-কে উক্ত জেলার জোড়ারগঞ্জ সাব-রেজিস্ট্রী অফিসে সাব রেজিস্ট্রার পদে বদলীর আদেশ এতদ্বারা বাতিল করা হইল।

প্রশাসনিক ও জনস্বার্থে অত্র বিজ্ঞপ্তি জারী করা হইল।

**খান মোঃ আবদুল মান্নান**
মহা-পরিদর্শক।

**বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো**
**ন্যাশনাল একাউন্টিং উইং**

**প্রজ্ঞাপন**

তারিখ, ৩০ ডিসেম্বর ২০১৩

**নং ৫২.০১.০০০০.৭০১.৪৬.০০২.০৭-১৪৫৭/১(৫)**—বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর ন্যাশনাল একাউটিং উইংয়ের সহকারী পরিসংখ্যান কর্মকর্তা জনাব শওকত জাহাঙ্গীর এর এস এস সি সনদ অনুযায়ী জন্ম তারিখ ০৭-০১-১৯৫৫। তদনুযায়ী জনাব শওকত জাহাঙ্গীর এর বয়স ০৬-০১-২০১৪ তারিখে ৫৯ (উনষাট) বছর পূর্ণ হবে বিধায় তাঁর আবেদনের প্রেক্ষিতে গণকর্মচারী (অবসর) গ্রহণ আইন, ১৯৭৪ এবং অর্থ মন্ত্রণালয় হতে জারীকৃত চাকুরী (বেতন ও ভাতাদি) আদেশ/২০০৫ এর উপ-অনুছেচ্ছদ-৬(১৩) এবং অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগের ০৬-০৪-১০ তারিখে স্মারক নং অম/অবি/প্রবি ১/চাবিঃ-৩/২০১০(অংশ ৩)/৬২ সংখ্যক প্রজ্ঞাপন মোতাবেক তাঁকে ০৬-০১-১৪ তারিখ হতে ০৫-০১-২০১৫ তারিখ পর্যন্ত ১ (এক) বছর পূর্ণ গড় বেতনে অবসর-উত্তর ছুটি (পিআরএল) মঞ্জুর করা হলো।

২। উপরে বর্ণিত অবসর-উত্তর ছুটি ব্যতীত পাওনা ছুটির বিনিময়ে তাঁকে আহরিত সর্বশেষ মূলবেতন ১৬,৫৯০ টাকার ভিত্তিতে সর্ব্বোচ্চ ১২ (বার) মাসের মুল বেতনের সমপরিমাণ (১৬৫৯০×১২)=১,৯৯০৮০ (এক লক্ষ নিরানব্বই হাজার আশি) টাকা মাত্র এককালীন লাম্পগ্রান্ট মঞ্জুর করা হলো।

৩। অবসর-উত্তর ছুটি শেষে তিনি ০৬-০১-২০১৫ তারিখে সরকারি চাকুরি হতে পূর্ণ অবসর গ্রহণ করবেন।

৪। এ মঞ্জুরী মহাপরিচালক মহোদয়ের অনুমোদনক্রমে এবং এফএ এন্ড এমআইএস এর ১৫-০২-২০১১ তারিখের নং বিবিএস/এমআইএস/১প্রশা-১৮১/২০০১-৮৫০ সংখ্যক প্রজ্ঞাপনে প্রদত্ত ক্ষমতাবলে জারী করা হলো।

**আবুল কালাম আজাদ**
পরিচালক।

**এফএ এন্ড এমআইএস**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ, ০৮ জানুয়ারি ২০১৪

**নং ৫২.০১.০০০০.১০১.১৯.২৩৪.০৫(অংশ-৬)-১০১**—বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর ডেমোগ্রাফী এন্ড হেলথ উইংয়ের প্রশাসনিক কর্মকর্তা জনাব মোঃ মোস্তফা কে ২৩-১২-২০১৩ তারিখের ৫২.০১.০০০০.১০১.১৯.২৩৪.০৫(অংশ-৬)-৪৬৮৬ সংখ্যক প্রজ্ঞাপনমূলে একই বেতনক্রম ও পদমর্যদায় এফএ এন্ড এমআইএস-এ বদলী করা হলেও তিনি অদ্যাবধি এফএ এন্ড এমআইএস-এ যোগদান করেননি।

২। এক্ষণে, জনাব মোঃ মোস্তফা, প্রশাসনিক কর্মকর্তাকে এফএ এন্ড এমআইএস-এ যোগদানের নিমিত্ত ডোমোগ্রাফী এন্ড হেলথ উইং হতে তাৎক্ষণিক অব্যাহতি প্রদান করা হলো।

৩। এতে মহাপরিচালক মহোদয়ের অনুমোদন রয়েছে।

**নং ৫২.০১.০০০০.১০১.১৯.২৩৪.০৫(অংশ-৪)-১০২**—পুনরাদেশ না দেয়া পর্যন্ত বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর ডেমোগ্রাফী এন্ড হেলথ উইংয়ের সহকারী পরিসংখ্যান কর্মকর্তা জনাব প্রণব কুমার সাহাকে-একই বেতনক্রম ও পদপর্যদায় ইন্ডাষ্ট্রি এন্ড লেবার উইং-এ বদলী করা হলো।

২। মহাপরিচালক মহোদয়ের অনুমোদনক্রমে জনস্বার্থে এ আদেশ জারী করা হল এবং তা অবিলম্বে কার্যকর হবে।

**ঘোষ সুব্রত**
পরিচালক।

**বাংলাদেশ রোড ট্রান্সপোর্ট অথরিটি**

**প্রজ্ঞাপন**

তারিখ, ৩০ ডিসেম্বর ২০১৩

**নং ০০৩.০০০০.০০৫.৫৪এ.৯৩(অংশ-১)২০১২-১১৫**—১৯৮৩ সনের মোটরযান অধ্যাদেশ (সংশোধিত)-এর ৫৪ (১) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে নিম্নলিখিত ব্যক্তিবর্গের সমন্বয়ে সিলেট জেলার রিজিওনাল ট্রান্সপোর্ট কমিটি (আরটিসি) পুনর্গঠন করা হ'ল ঃ

**চেয়ারম্যান**

(১) জেলা প্রশাসক, সিলেট

**সদস্যবৃন্দ**

(২) অতিরিক্ত পুলিশ সুপার, সিলেট

(৩) নির্বাহী প্রকৌশলী/উপ-বিভাগীয় প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, সিলেট।

(৪) মেয়র, সিলেট সদর পৌরসভা

(৫) জনাব আবুল কাহের ইজু, পিতা-মৃত আব্দুল জব্বার, বাসা নং ৪১, রোড নং ৩৭, ব্লক সি, শাহজালাল উপশহর, সিলেট।

(৬) জনাব মোঃ সেলিম আহমদ (ফলিক), পিতা-মৃত আশাদ আলী, গ্রাম ফাজিলপুর, পোঃ রানাপিং, থানা গোলাপগঞ্জ, জেলা সিলেট।

(৭) শ্রী আবু সরকার, পিতা শ্রী রমাকান্ত সরকার, বাড়ী নং শিপলু ভিলা, ৫৯ টিলাগড়সদর, সিলেট।

(৮) জনাব জাবেদ সিরাজ, পিতা আলহাজ্ব সিরাজ বক্স, রায়নগর, সিরাজ মঞ্জিল, প্রত্যয়-২০, সিলেট।

(৯) জনাব হাসান মোহাম্মদ আব্দুল মালিক, পিতা মোঃ মোজাম্মিল আলী, ৫৭/২ মজুমদারী, সিলেট।

**সদস্য-সচিব**

(১) সহকারী পরচালক (ইঞ্জিঃ) বিআরটিএ, সিলেট।

২। এ কমিটি মোটরযান অধ্যাদেশ এবং সময়ে সময়ে সরকারী প্রজ্ঞাপন দ্বারা অর্পিত দায়িত্ব পালন ও বিধিবদ্ধ ক্ষমতা প্রয়োগ করবেন।

৩। এ কমিটি বেসরকারী সদস্যদের কার্যকাল দায়িত্বভার গ্রহণের তারিখ হতে ৩(তিন) বছর বলবৎ থাকবে।

৪। সড়ক পরিবহন মালিক সমিতি (যাত্রীবাহী) এর টিও লাইসেন্স না থাকায় এ মুহূর্তে তাদেরকে এ কমিটিতে অন্তর্ভুক্ত করা হয়নি।

**মোঃ নজরুল ইসলাম**
চেয়ারম্যান।

---

**জেলা প্রশাসকের কার্যালয়, কিশোরগঞ্জ**
**(ভূমি অধিগ্রহণ শাখা)**

**সংশোধনী**

তারিখ, ৩১ ডিসেম্বর ২০১৩

**নং ৩১.৪১.৪৮০০.০০৮.০৬.১০৫.০৯-৮৫১**—গত ১৩-১২-২০১২ তারিখে বাংলাদেশ গেজেট প্রকাশিত হয়। প্রকাশিত গেজেট-এ এল.এ কেইস নং ০৩/২০১০-২০১১ এর স্থলে কেইস নং ০৩/২০১১-২০১২ ভুলক্রমে প্রকাশিত হয়েছে।

এক্ষণে, উক্ত গেজেট বিজ্ঞপ্তিতে এল.এ কেইস নং ০৩/২০১১-২০১২ এর পরিবর্তে কেইস নং ০৩/২০১০-২০১১ পড়তে হবে।

**কাজী আবেদ হোসেন**
অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব)।

---

**জেলা প্রশাসকের কার্যালয়, বগুড়া**
**(ভূমি অধিগ্রহণ শাখা)**

**এল, এ, কেস নং ১৫৩জি/১৯৮৮**

**ফরম ঘ**

**(৫নং বিধি দ্রষ্টব্য)**

**ঘোষণা**

**[১১(২) ধারা মোতাবেক]**

যেহেতু এই মর্মে সিদ্ধান্ত গৃহীত হইয়াছে যে, নিম্ন উল্লিখিত তফসিলে বর্ণিত সম্পত্তি বাধ্যতামূলকভাবে অধিগ্রহণ করিতে হইবে এবং তদনুযায়ী ১৯৮২ সালের স্থাবর সম্পত্তি অধিগ্রহণ এবং হুকুম দখল অধ্যাদেশ (১৯৮২ সনের ০২নং অধ্যাদেশ) এর ১০ ধারা অনুসারে উহার ক্ষতিপূরণ প্রদান করা হইয়াছে অথবা প্রদান করা হইবে বলিয়া গণ্য হইয়াছে।

সেহেতু এক্ষণে উক্ত অধ্যাদেশের ১১ ধারার (২) উপধারা অনুযায়ী আমি এতদ্বারা ঘোষণা করিতেছি যে, উক্ত সম্পত্তি অধিগ্রহণ করা হইয়াছে এবং উহা সর্বপ্রকার দায়-দায়িত্ব মুক্ত হইয়া সরকারের উপর অর্পিত হইল।

**তফসিল**

মৌজা পিঁপড়া, জে, এল, নং ১১৩, উপজেলা কাহালু, জেলা বগুড়া।

| খতিয়ান নং (এম আর আর) | দাগ নং | জমির পরিমাণ (একরে) |
|---|---|---|
| ১ | ২ | ৩ |
| ৭৯ | ২৩০ | ০.০৪ |
| ৭৬ | ২৩১ | ০.০৪ |
| ৭৮ | ২৩৪ | ০.০৪ |
| ১ | ২৩৫ | ০.০৫ |
| ৭৭ | ২৩৬ | ০.০৬ |
| ৭৬ | ২৩৮ | ০.০৮ |
| ৭৭ | ২৩৯ | ০.০৪ |
| ৭৬ | ২৪০ | ০.০৬ |
| ৪৮ | ২৪১ | ০.০৭ |
| ৪৮ | ২৪২ | ০.০৪ |
| ৪৮ | ২৪৩ | ০.০৪ |
| ৬৩ | ২৪৬ | ০.০৭ |
| ৬৪ | ২৪৭ | ০.০৯ |
| ৪৮ | ২৪৯ | ০.০৪ |
| ৪৮ | ২৫০ | ০.০৫ |
| ৪৮ | ২৫১ | ০.০৫ |
| ৭৬ | ২৫২ | ০.০৯ |
| ৮০ | ২৫৩ | ০.০৫ |
| ৭৮ | ২৫৪ | ০.০৩ |
| ৭৭ | ২৫৭ | ০.০৫ |
| ৫২ | ২৫৮ | ০.০৮ |
| ৪৬ | ২৫৯ | ০.০১ |
| ৪০, ৭৫ | ২৬০ | ০.০১ |
| ৭৮ | ২২৯ | ০.০১ |
| ৭৭ | ২৩২ | ০.০১ |
| ৭৯ | ২৩৭ | ০.০৯ |
| ৯৪ | ২৬৩ | ০.৩২ |
| ৮১ | ২৭০ | ০.০৫ |
| ৭৮ | ২৭১ | ০.০৬ |
| ৭৬ | ২৭৩ | ০.১০ |
| ৮১ | ২৭৪ | ০.০৫ |
| ৭৮ | ২৭৫ | ০.০৪ |
| ৭৭ | ২৭৬ | ০.০১ |
| ৫৭ | ২৭৮ | ০.১৬ |
| ৯০ | ২৭৯ | ০.২৬ |
| ৩৫ | ২৮১ | ০.১২ |
| ৮৭ | ২৮৩ | ০.১৬ |
| ৩৬ | ২৮৪ | ০.০২ |
| ৮৮ | ২৮৫ | ০.১১ |
| ৯৫ | ২৯১ | ০.০৯ |
| ৮৪ | ২৯২ | ০.০৮ |
| ৫৬ | ২৯৩ | ০.০৯ |
| ১০২ | ২৯৪ | ০.২৪ |
| ৯০ | ৪৯৫ | ০.০২ |
| ৭৬, ৭৭, ৭৮, ৭৯ | ৪৯৬ | ০.০৪ |
| | | সর্বমোট=৩.৩১ একর |

**মোঃ মাহমুদুল আলম**
অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব)।

**জেলা প্রশাসকের কার্যালয়, রংপুর**
**(এল, এ শাখা)**

**১৯৮২ সনের সম্পত্তি বাধ্যতামূলকভাবে অধিগ্রহণ মামলা নং ০৩/২০১১-২০১২**

**ফরম-ঘ**

**(৫নং বিধি দ্রষ্টব্য)**

**ঘোষণা**

**[১১(২) ধারা মোতাবেক]**

যেহেতু এই মর্মে সিদ্ধান্ত গৃহীত হইয়াছে যে, নিম্নে উল্লিখিত তফসিলে বর্ণিত সম্পত্তি বাধ্যতামূলকভাবে অধিগ্রহণ করিতে হইবে এবং তদনুযায়ি ১৯৮২ সনের স্থাবর সম্পত্তি অধিগ্রহণ এবং হুকুম দখল অধ্যাদেশ (১৯৮২ সনের ২নং অধ্যাদেশ)-এর ১০ ধারা অনুসারে উহার ক্ষতিপূরণ প্রদান করা হইয়াছে অথবা ক্ষতিপূরণ প্রদান করা হইবে বলিয়া গণ্য হইয়াছে।

সেহেতু এক্ষণে, উক্ত অধ্যাদেশের ১১ ধারার (২) উপধারা অনুযায়ি আমি ঘোষণা করিতেছি যে, উক্ত সম্পত্তি বাধ্যতামূলকভাবে অধিগ্রহণ করা হইল এবং সর্বপ্রকার দায় দায়িত্ব মুক্ত হইয়া সরকারের উপর অর্পিত হইল।

**তফসিল**

মৌজা বড় কমিরপুর, জে, এল, নং ২৪৭, উপজেলা পীরগঞ্জ, জেলা রংপুর।

| খতিয়ান নং | দাগ নং | অধিগ্রহণকৃত জমির পরিমাণ (একরে) |
|---|---|---|
| ৪১,৬০,৬৯,৭৩ ও ৮২ | ৭৩১ | ০.৩০ আংশিক |

মৌজা খিরারপাড়া, জে, এল, নং ৩৯, উপজেলা পীরগঞ্জ, জেলা রংপুর।

| খতিয়ান নং | দাগ নং | অধিগ্রহণকৃত জমির পরিমাণ (একরে) |
|---|---|---|
| ৭০ | ১৭৭ | ০.৩০ আংশিক |

মৌজা পঁচাকান্দর, জে, এল, নং ১৮৪, উপজেলা পীরগঞ্জ, জেলা রংপুর।

| খতিয়ান নং | দাগ নং | অধিগ্রহণকৃত জমির পরিমাণ (একরে) |
|---|---|---|
| ৮৯ ও ৯০ | ১৭০ | ০.৩০ আংশিক |

সর্বমোট (০.৩০×৩)=০.৯০ একর।

জমির পরিমাণ কম/বেশী ০.৯০ একর।

জমির নক্‌সা রংপুর জেলা প্রশাসকের অফিসে দেখা যাইতে পারে।

**মোস্তাইন বিল্লাহ**
অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব)।

**জেলা প্রশাসকের কার্যালয়, দিনাজপুর**
**স্থাবর সম্পত্তি অধিগ্রহণ বিধিমালা, ১৯৮২**
**স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুম দখল অধ্যাদেশ ১৯৮২ এর অধীনে অধিগ্রহণ কেস নং ০৬/২০১২-২০১৩**

**ফরম-ঘ**

**(৫নং বিধি দ্রষ্টব্য)**

**ঘোষণা**

**[১১(২) ধারা মোতাবেক]**

যেহেতু এই মর্মে সিদ্ধান্ত গৃহীত হইয়াছে যে, নিম্নে উল্লিখিত তফসিল এ বর্ণিত সম্পত্তি বাধ্যতামূলকভাবে অধিগ্রহণ করিতে হইবে এবং তদনুযায়ি ১৯৮২ সনের স্থাবর সম্পত্তি অধিগ্রহণ এবং ভূমি হুকুম দখল অধ্যাদেশ (১৯৮২ সনের ২নং অধ্যাদেশ)-এর ১০ ধারা অনুসারে উহার ক্ষতিপূরণ প্রদান করা হইয়াছে অথবা প্রদান করা হইবে বলিয়া গণ্য হইয়াছে।

সেহেতু এক্ষণে, উক্ত অধ্যাদেশের ১১ ধারার (২) উপধারা অনুযায়ি আমি ঘোষণা করিতেছি যে, উক্ত সম্পত্তি বাধ্যতামূলকভাবে অধিগ্রহণ করা হইল এবং সর্বপ্রকার দায় দায়িত্ব মুক্ত হইয়া সরকারের উপর অর্পিত হইল।

**তফসিল**

মৌজা রসুলপুর, জে, এল, নং ১৫৫, উপজেলা ফুলবাড়ী, জেলা দিনাজপুর।

| খঃ নং (এস.এ) | দাগ নং (এস.এ) | প্রস্তাবিত জমির শ্রেণী | দাগে মোট জমির পরিমাণ | অধিগৃহীত জমির পরিমাণ (একরে) |
|---|---|---|---|---|
| ৯০ | ১৫৪২ | দলা | ২.৪৪ | ০.৮০ |
| ১৩১ | ১৫৪৩ | দলা | ২.১৫ | ০.২০ |

সর্বমোট=সম্পত্তির পরিমাণ ১.০০ একর কম/বেশী।

(জমির নক্সা ও দাগসূচি এই অফিসে সংরক্ষিত)

**মোঃ এনামুল হক**
অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব)।

**জেলা প্রশাসকের কার্যালয়, পঞ্চগড়**
**সম্পত্তি বাধ্যতামূলকভাবে অধিগ্রহণ কেস নং ০২/প্রাণিরোগ প্রতিরোধ ও নিয়ন্ত্রণ কেন্দ্র স্থাপন/২০১২-২০১৩**

**ফরম ঘ**

**(৫নং বিধি দ্রষ্টব্য)**

**ঘোষণা**

**[১১(২) ধারা মোতাবেক]**

যেহেতু এই মর্মে সিদ্ধান্ত গৃহীত হইয়াছে যে, নিম্নে বর্ণিত তফসিলেন সম্পত্তি বাধ্যতামূলকভাবে অধিগ্রহণ করা হয়েছে এবং তদনুযায়ি ১৯৮২ সালের স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও ভূমি হুকুম দখল অধ্যাদেশ (১৯৮২ সনের ২নং অধ্যাদেশ)-এর ১০ ধারা অনুসারে ঐ সম্পত্তির ক্ষতিপূরণ প্রদান করা হয়েছে অথবা ক্ষতিপূরণ প্রদান করা হইবে মর্মে গণ্য হইয়াছে।

সেহেতু এক্ষণে, উক্ত অধ্যাদেশের ১১ ধারার (২) উপধারা অনুযায়ি আমি ঘোষণা করছি যে, উক্ত সম্পত্তি বাধ্যতামূলকভাবে অধিগ্রহণ করা হলো এবং ঐ সম্পত্তি সর্বপ্রকার দায় দায়িত্ব মুক্ত হয়ে সরকারের উপর অর্পিত হইল।

**তফসিল**

থানা তেঁতুলিয়া, জেলা পঞ্চগড়, মৌজা বাংলাবান্ধা, জে, এল, নং ১।

| খতিয়ান নং | দাগ নং | জমির পরিমাণ (একরে) |
|---|---|---|
| ১০৮ | ৮১ | ০.১১৯৮ |
| | ৮২ | ০.০৮০২ |
| | | মোট=০.২০০০ একর |

**মোহাম্মদ সালাহ উদ্দিন**
জেলা প্রশাসক।

---

## জেলা প্রশাসকের কার্যালয়, খুলনা
## এল, এ (ওয়াপদা) শাখা

**এল, এ (ও) কেস নং ০৩/১৯৯৭-১৯৯৮**

**ফরম ঘ**

**(৫নং বিধি দ্রষ্টব্য)**

**ঘোষণা**

**[১১(২) ধারা মোতাবেক]**

যেহেতু নিম্নে তফসিল বর্ণিত সম্পত্তি অধিগ্রহণের সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে এবং স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও ভূমি হুকুম দখল অধ্যাদেশ, ১৯৮২ (১৯৮২ সনের ২নং অধ্যাদেশ) এর ১০ ধারা উহার ক্ষতিপূরণ প্রদান করা হয়েছে অথবা প্রদান করা হয়েছে মর্মে গণ্য করা হয়েছে;

সেহেতু এক্ষণে, বর্ণিত অধ্যাদেশের ১১ ধারার (২) উপধারা অনুযায়ি আমি ঘোষণা করছি যে, উক্ত সম্পত্তি অধিগ্রহণ করা হয়েছে এবং উহার সর্বপ্রকার দায় দায়িত্ব মুক্ত হয়ে সম্পূর্ণ সরকারের অনুকূলে অর্পিত হয়েছে।

**তফসিল**

মৌজা বিলপাবলা, জে এল নং ৫৪, থানা/উপজেলা ডুমুরিয়া, জেলা খুলনা।

| খতিয়ান নং | এস এ দাগ নং | দাগে জমির পরিমাণ (একরে) | দাগের পূর্ণ/আংশিক | অধিগ্রহণকৃত জমির পরিমাণ (একরে) |
|---|---|---|---|---|
| ৫৬, ৮৫ | ১২ | ৮.৮৬ | আংশিক | ০.৩০ |
| ১ | ১৩ | ১.১২ | ,, | ০.৫০ |
| ১ | ১৪ | ৭.৯৫ | ,, | ২.৬৫ |
| ৫৬ | ১৫ | ০.১৮ | পূর্ণ | ০.১৮ |
| ৫৬ | ১৬ | ১.৪৫ | আংশিক | ১.০৫ |
| ৫৬, ৮৫ | ১৭ | ৮.২১ | ,, | ০.১৮ |
| ৫৬, ৮৫ | ১৮ | ২.২০ | ,, | ০.৫২ |
| ৫৭, ৮৫ | ১৯ | ৯.২৫ | ,, | ০.২৬ |
| | | | | মোট=৫.৬৪ একর |

**আনিস মাহমুদ**
জেলা প্রশাসক।

## জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট
## (ব্যবসা ও বাণিজ্য শাখা)

**বিজ্ঞপ্তি**

তারিখ, ১৯ ডিসেম্বর ২০১৩

**নং ০৫.৬০.৯১০০.০২০.৩৬.০০২.১১.৭৮১(১৩)**—অত্যাবশ্যকীয় পণ্য নিয়ন্ত্রণ আদেশ, ১৯৮১ এর আওতাধীন পণ্য যথাঃ সিমেন্ট, লৌহ ও ইস্পাতজাত দ্রব্য, সুতি কাপড় (পাইকারী ও খুচরা), সুতা (পাইকারী ও খুচরা), দুগ্ধজাত দ্রব এবং সিগারেট (পাইকারী পরিবেশক) অত্যাবশ্যকীয় পণ্য নিয়ন্ত্রণ আদেশ, ১৯৮১ এর ২২ ধারার ৯ উপধারা মোতাবেক ৩১ শে জানুয়ারি ২০১৪ পর্যন্ত বর্ধিত করা হয়েছে।

২। ডিলিং লাইসেন্সধারীগণ তাদের স্ব-স্ব লাইসেন্স ২০১৩-২০১৪ সনের জন্য নবায়ন করার নিমিত্তে নির্ধারিত নবায়ন দরখাস্ত ফরম "সি" যথাযথভাবে পুরণ করে নিজ স্বাক্ষরসহ লাইসেন্স সংযুক্ত করে জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট এর ব্যবসা ও বাণিজ্য শাখায় ৩১ শে জানুয়ারি ২০১৪ মাসের মধ্যে জমা দেয়ার জন্য অনুরোধ করা হলো।

৩। নবায়নের জন্য জমাকৃত লাইসেন্স ফি এর চালানের মূল কপি জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট এর ব্যবসা ও বাণিজ্য শাখা হতে অবশ্যই পাশ করে নিতে হবে। চালান পাশ ব্যতীত কোন নবায়ন ফি জমা হলে তা গ্রহণযোগ্য হবে না।

**মোঃ শহিদুল ইসলাম**
জেলা প্রশাসক।

---

## জেলা প্রশাসকের কার্যালয়, মৌলভীবাজার
## (ভূমি অধিগ্রহণ শাখা)
## ১৯৮২ সনের ২নং অধ্যাদেশ এর ২০১২ সনের সম্পত্তি বাধ্যতামূলকভাবে অধিগ্রহণ কেস নং ২/২০১২-২০১৩

**ফরম ঘ**

**(৫নং বিধি দ্রষ্টব্য)**

**ঘোষণা**

**[১১(২) ধারা মোতাবেক]**

যেহেতু এই মর্মে সিদ্ধান্ত গৃহীত হইয়াছে যে, নিম্নে উল্লিখিত তফসিলে বর্ণিত সম্পত্তি বাধ্যতামূলকভাবে অধিগ্রহণ করিতে হইবে এবং তদানুযায়ী ১৯৮২ সনের স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও ভূমি হুকুম দখল অধ্যাদেশ (১৯৮২ সনের ২নং অধ্যাদেশ) এর ১০ ধারা অনুসারে উহার ক্ষতিপূরণ প্রদান করা হইয়াছে অথবা ক্ষতিপূরণ প্রদান করা হইবে বলিয়া গণ্য হইয়াছে;

সেহেতু এক্ষণে, উক্ত অধ্যাদেশের ১১ ধারার (২) উপ-ধারা অনুযায়ি আমি ঘোষণা করছি যে, উক্ত সম্পত্তি বাধ্যতামূলকভাবে অধিগ্রহণ করা হইল এবং সর্বপ্রকার দায় দায়িত্ব মুক্ত হইয়া সরকারের উপর অর্পিত হইল।

**তফসিল**

জেলা মৌলভীবাজার, উপজেলা জুড়ী, মৌজা বাছিরপুর, জে, এল, নং ১৩৫।

| খতিয়ান নং | দাগ নম্বর | শ্রেণী | দাগে মোট জমির পরিমাণ (একর) | অধিগ্রহণকৃত জমির পরিমাণ (একর) |
|---|---|---|---|---|
| ২৯০ | ১৫০৫ | বোরোউরা | ০.০৮ | ০.০৮ |
| ২৯০ | ১৫০৬ | আমনউরা | ০.০৮ | ০.০৮ |
| ৩৬২ | ১৫০৭ | আমনউরা | ০.৭৬ | ০.১০ |
| ৩৬২ | ১৫০৫<br>১৬৮৮ | বোরোউরা | ০.২২ | ০.০৪ |
| | | | মোট= | ০.৩০ একর |

**প্রকাশ কান্তি চৌধুরী**
অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব)।

**১৯৮২ সনের ২নং অধ্যাদেশ এর ২০১৩ সনের সম্পত্তি বাধ্যতামূলকভাবে অধিগ্রহণ কেস নং-১/২০১৩-২০১৪**

**ফরম -ঘ**

**(৫ নং বিধি দ্রষ্টব্য)**

**ঘোষণা**

**[১১(২) ধারা মোতাবেক]**

যেহেতু এ মর্মে সিদ্ধান্ত গৃহীত হইয়াছে যে, নিম্নে উল্লিখিত তফসিলে বর্ণিত সম্পত্তি বাধ্যতামূলকভাবে অধিগ্রহণ করিতে হইবে এবং তদনুযায়ী ১৯৮২ সনের স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুম দখল অধ্যাদেশ (১৯৮২ সনের ২ নং অধ্যাদেশ) এর ১০ ধারা অনুসারে উহার ক্ষতিপূরণ প্রদান করা হইয়াছে অথবা ক্ষতিপূরণ প্রদান করা হইবে বলিয়া গণ্য হইয়াছে;

সেহেতু, এক্ষণে, উক্ত অধ্যাদেশের ১১ ধারার (২) উপ-ধারা অনুযায়ী আমি ঘোষণা করিতেছি যে, উক্ত সম্পত্তি বাধ্যতামূলকভাবে অধিগ্রহণ করা হইল এবং ইহা সর্ব প্রকার দায় দায়িত্ব মুক্ত হইয়া সরকারের উপর অর্পিত হইল ঃ

**তফসিল**

১। জেলা মৌলভীবাজার, উপজেলা-শ্রীমঙ্গল, মৌজা-রূপশপুর, জে,এল,নং-৬৭।

| খতিয়ান নং | দাগ নম্বর | শ্রেণী | দাগে মোট জমির পরিমাণ (একর) | অধিগ্রহণকৃত জমির পরিমাণ (একর) |
|---|---|---|---|---|
| ৯৪২ | ১২৪৩ | দোকান | ০.০৭ | ০.০৭ |

**প্রকাশ কান্তি চৌধুরী**
অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব)।

---

**জেলা প্রশাসকের কার্যালয়, ময়মনসিংহ**
**(সংস্থাপন শাখা)**

**অফিস আদেশ**

তারিখ, ১৯ ডিসেম্বর ২০১৩

**নং ০৫.৩০.৬১০০.০১২.০৪.০০৪.১৩-৬৭৫**—জনপ্রশাসন মন্ত্রণালয়ের ০৩ অক্টোবর ২০১৩ তারিখের ০৫.০০.০০০০.১৩৯. ১৯.০১২.১৩-৩২১ নং প্রজ্ঞাপনমূলে জনাব মোঃ সাইফুল ইসলাম (৬৫৩৪), অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), ময়মনসিংহকে উপ-পরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, সিলেটে বদলি করায়, তাঁকে বদলিকৃত কর্মস্থলে যোগদানের নিমিত্ত ১৯-১২-২০১৩ তারিখ অপরাহ্নে বর্তমান কর্মস্থল হতে অবমুক্ত করা হলো।

২। তিনি তাঁর দায়িত্বভার জনাব শিবির বিচিত্র বড়ুয়া (৬৭৬১), অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও উন্নয়ন), ময়মনসিংহ এর নিকট হস্তান্তর করবেন।

**মুস্তাকীম বিল্লাহ ফারুকী**
জেলা প্রশাসক।

---

**জেলা প্রশাসকের কার্যালয়, যশোর**
**(এস, এ শাখা)**

**বিজ্ঞপ্তি**

তারিখ, ১৭ ডিসেম্বর ২০১৩

**নং ০৫.৪৪.৪১০০.০৫.০১৩.০০২.২০১৩-২৫০৯(১০০)**—এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মুদ্রণ, লেখসামগ্রী, ফরম ও প্রকাশনা পরিদপ্তর, আঞ্চলিক অফিস, খুলনা হতে সরবরাহকৃত দাখিলা বইয়ের (বাংলাদেশ ফরম নং ১০৭৭) এর V-৪৩৭১০১, হতে V-৪৩৭২০০ পর্যন্ত পাতা বিশিষ্ট বইটির V-৪৩৭১২৮ নং পাতাটি নির্ধারিত ক্রমিকে না থেকে একই বইয়ের V-৪৩৭১৬৮ নং পাতার পর অনুলিপি পাতাসহ সংযুক্ত আছে এবং বইটিতে অন্য বইয়ের V-৪৩৭৫৯৭, V-৪৩৭৫৯৮, V-৪৩৭৫৯৯ পাতাগুলো অতিরিক্ত হিসেবে অনুলিপি পাতাসহ সংযুক্ত আছে।

দ্বিতীয়তঃ V-৪৩৭৫০১ হতে V-৪৩৭৬০০ নং বইটিতে V-৪৩৭৫৯৭, V-৪৩৭৫৯৮, V-৪৩৭৫৯৯ নং পাতা তিনটির অনুলিপি পাতাসহ সংযুক্ত নাই। যার কারণে সহকারী কমিশনার (ভূমি) মনিরামপুর বই ০২ (দুই) টি এ কার্যালয়ে ফেরত পাঠিয়েছেন।

এমতাবস্থায়, V-৪৩৭১০১ হতে V-৪৩৭২০০ নং বইটির V-৪৩৭১২৮ নং পাতা এবং অতিরিক্ত V-৪৩৭৫৯৭, V-৪৩৭৫৯৮, V-৪৩৭৫৯৯, নং পাতাগুলো বাতিল এবং (২) V-৪৩৭৫০১ হতে V-৪৩৭৬০০ নং বইটির V-৪৩৭৫৯৭, V-৪৩৭৫৯৮, V-৪৩৭৫৯৯, নং পাতাগুলো এতদ্বারা বাতিল ঘোষণা করা হলো। বাতিলকৃত সংশ্লিষ্ট পাতা দ্বারা কোন প্রকার অর্থ লেনদেন সম্পূর্ণ অবৈধ বলে গণ্য হবে এবং ব্যবহারকারী আইনগত দণ্ডনীয় হবেন।

**মোঃ মোস্তাফিজুর রহমান**
জেলা প্রশাসক।

---

**উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়**
**বাঁশখালী, চট্টগ্রাম।**

**বিজ্ঞপ্তি**

তারিখ, ২৪ নভেম্বর ২০১৩

**নং উনিঅ/ইউ,পি/বাঁশ/২০১৩-২৫০৪**—যেহেতু, চট্টগ্রাম জেলার বাঁশখালী উপজেলার ১০ নং চাম্বল ইউনিয়ন পরিষদের ৫নং ওয়ার্ডের সাধারণ সদস্য মোঃ নুরুল কবির হৃদযন্ত্র বন্ধ হয়ে গত ২০-১১-২০১৩ খ্রিঃ তারিখ মৃত্যুবরণ করেছেন;

যেহেতু; ১০ নং চাম্বল ইউনিয়ন পরিষদের ৫নং ওয়ার্ডের নির্বাচিত সাধারণ সদস্য মৃত্যুবরণ করায় উক্ত ইউনিয়ন পরিষদের ৫নং ওয়ার্ডের সাধারণ সদস্য পদটি শূন্য ঘোষণা করা আবশ্যক;

সেহেতু, স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) অধ্যাদেশ, ২০০৮ এর ৩৫(২) ধারা মোতাবেক প্রদত্ত ক্ষমতাবলে আমি শাব্বির ইকবাল (১৫৫৮০), উপজেলা নির্বাহী অফিসার, বাঁশখালী, চট্টগ্রাম ১০নং চাম্বল ইউনিয়ন পরিষদের ৫নং ওয়ার্ডের সাধারণ সদস্য পদটি ২০-১১-২০১৩ খ্রিঃ হতে শূণ্য ঘোষণা করলাম।

**শাব্বির ইকবাল**
উপজেলা নির্বাহী অফিসার।

**উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়**
**পরশুরাম, ফেনী।**

**বিজ্ঞপ্তি**

তারিখ, ১২ জানুয়ারি ২০১৪

**নং ০৫.২০.৩০২৯.০০১.১৮.০০৯.১৩-১৪**—ফেনী জেলার পরশুরাম উপজেলার ৩নং চিথলিয়া ইউনিয়নের ০১, ০২, ০৩ নং ওয়ার্ডের সংরক্ষিত মহিলা সদস্য জনাবা পারভীন আক্তার ৩১-১০-২০১৩ তারিখে ব্যক্তিগত অসুবিধার কারণে স্বেচ্ছায় ইউনিয়ন পরিষদের ০১ ০২, ০৩ নং ওয়ার্ডের সংরক্ষিত মহিলা সদস্য পদ থেকে পদত্যাগ করায় আমি মোহাম্মদ মাহিদুর রহমান, উপজেলা নির্বাহী অফিসার, পরশুরাম, ফেনী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ও সদস্যগণের পদত্যাগ, অপসারণ ও পদশূন্য বিধিমালা-১৯৮৪ এর (খ) বেং চেয়ারম্যান ও সদস্যের পদত্যাগ (বিধি-৩)(২) উপবিধি মোতাবেক ৩১-১০-২০১৩ তারিখ থেকে উক্ত পদটি শূন্য ঘোষণা করিলাম।

**মোহাম্মদ মাহিদুর রহমান**
উপজেলা নির্বাহী অফিসার।

---

**উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়**
**পবা, রাজশাহী।**

**বিজ্ঞপ্তি**

তারিখ, ১৯ পৌষ ১৪২০/ ২ জানুয়ারি ২০১৪

**নং ০০.০০.৮১৭২.০০০.১২.০১৮.১৪-৩৪**—স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ৩৫ ধারার (১) ও (২) উপ-ধারা মতে আমার উপর অর্পিত ক্ষমতাবলে আমি মোঃ রাজ্জাকুল ইসলাম, উপজেলা নির্বাহী অফিসার, পবা, রাজশাহী, এই মর্মে সর্ব সাধারণের অবগতির জন্য বিজ্ঞপ্তি জারি করছি যে, রাজশাহী জেলাধীন পবা উপজেলার বড়গাছি ইউনিয়ন পরিষদের ০৬ নম্বর ওয়ার্ডের সাধারণ আসনের ইউপি সদস্য জনাব মোঃ আবদুল ওহাব, পিতা-মৃতঃ কাইমুদ্দিন, সাং-বড় আমগাছি, উপজেলা-পবা, গত ২৭-১২-২০১৩ তারিখে মৃত্যুবরণ করেন (ইন্নালিল্লাহি ওয়া ইন্নাইলাহি রাজিউন)।

এক্ষণে, স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ৩৫ ধারার (১) ও (২) উপ-ধারা মতে তার মৃত্যুর তারিখ অর্থাৎ ২৭-১২-২০১৩ তারিখ হতে পবা উপজেলার বড়গাছি ইউনিয়ন পরিষদের ০৬ নম্বর ওয়ার্ডের সদস্য পদটি শূন্য ঘোষণা করিলাম।

**মোঃ রাজ্জাকুল ইসলাম**
উপজেলা নির্বাহী অফিসার।

---

**উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়**
**কিশোরগঞ্জ, নীলফামারী।**

**বিজ্ঞপ্তি**

তারিখ, ৮ ডিসেম্বর ২০১৩

**নং ০৫.৪৭.৭৩৪৫.০০১.০৩.০২৩.১৩-৮৯৬**—এতদ্বারা সর্ব-সাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, নীলফামারী জেলাধীন কিশোরগঞ্জ উপজেলার বড়ভিটা ইউনিয়ন পরিষদের ০৯ নং ওয়ার্ডের সাধারণ সদস্য জনাব ভরত চন্দ্র রায় গত ০২ ডিসেম্বর, ২০১৩ তারিখ সকাল ৮.০০ টায় হৃদরোগে আক্রান্ত হয়ে মৃত্যুবরণ করেছেন। সৃষ্টিকর্তা তাঁর আত্মার শান্তি প্রদান করুন।

সে মোতাবেক স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) ২০০৯ এর ৩৫(২) উপ-ধারায় অর্পিত ক্ষমতাবলে আমি মোহাম্মদ গোলাম আজম, উপজেলা নির্বাহী অফিসার, কিশোরগঞ্জ, নীলফামারী বড়ভিটা ইউনিয়ন পরিষদের ০৯ নং ওয়ার্ডের সাধারণ সদস্য পদটি গত ০২ ডিসেম্বর, ২০১৩ তারিখ হতে শূন্য ঘোষণা করলাম।

**মোহাম্মদ গোলাম আজম**
উপজেলা নির্বাহী অফিসার।

---

**উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়**
**ডুমুরিয়া, খুলনা।**

**বিজ্ঞপ্তি**

তারিখ, ২৪ পৌষ ১৪২০/ ৭ জানুয়ারি ২০১৪

**নং ২০**—স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন ২০০৯-এর ৩৫ নং ধারা এর (২) উপধারা অনুযায়ী অর্পিত ক্ষমতাবলে আমি মোহাম্মদ সামছু দ্দৌজা, উপজেলা নির্বাহী অফিসার, ডুমুরিয়া, খুলনা সর্বসাধারণের অবগতির জন্য এ মর্মে বিজ্ঞপ্তি প্রকাশ করছি যে, যেহেতু খুলনা জেলার ডুমুরিয়া উপজেলাধীন ১নং ধামালিয়া ইউনিয়ন পরিষদের ৭নং ওয়ার্ডের নির্বাচিত ইউপি সদস্য জনাব শহীদুল ইসলাম বিশ্বাস ০৩ জানুয়ারি আততায়ীর গুলিতে মৃত্যুবরণ করেছেন (ইন্নালিল্লাহে.............রাজিউন)।

সেহেতু, স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন ২০০৯-এর ৩৫(ঙ) উপ-ধারা অনুসারে খুলনা জেলার ডুমুরিয়া উপজেলাধীন ১নং ধামালিয়া ইউনিয়ন পরিষদের ৭নং ওয়ার্ডের সদস্য পদ ২০ পৌষ ১৪২০ বঙ্গাব্দ/০৩ জানুয়ারি ২০১৪ তারিখ হতে শূন্য ঘোষণা করলাম।

**মোহাম্মদ সামছু দ্দৌজা**
উপজেলা নির্বাহী অফিসার।

---

**যৌথমূলধন কোম্পানী ও ফার্মসমূহের বিভাগীয় কার্যালয়**
**খুলনা বিভাগ, খুলনা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ২০ মে ২০১৪

**নং আরজেএসসি/খুলনা/১০৯**—এই মর্মে বিজ্ঞপ্তি প্রকাশ করা হচ্ছে যে, কোম্পানী আইনের ৩৪৬ (৫) নং ধারার বিধান মোতাবেক চাঁদা সিনেমা (প্রাঃ) লিঃ এর নাম যৌথমূলধন কোম্পানী ও ফার্মসমূহের খুলনা বিভাগীয় কার্যালয়ের নিবন্ধন বহি হতে কেটে (Struck off) দেওয়া হ'ল এবং সাথে সাথে কোম্পানীটি বিলুপ্ত হ'ল।

তবে শর্ত থাকে যে, কোম্পানী আইনের ৩৪৬(৬) ধারামতে যদি কোন পরিচালক বা সদস্যদের কোন দায়-দেনা থাকে তাহা অব্যাহত থাকবে।

**আব্দুর রাজ্জাক হাওলাদার**
সহকারী রেজিস্ট্রার।

## বাংলাদেশ রোড ট্রান্সপোর্ট অথরিটি

**প্রজ্ঞাপন**

তারিখ, ২৪ মার্চ ২০১৪

**নং বিআরটিএ/৬৭এ/২০০১-৭৬২**—বাংলাদেশ সরকারী কর্ম-কমিশন সচিবালয়ের ২৬-০২-২০১৪ তারিখের ৮০.১০১.০১২.০০. ০০.০৩৭.২০১৪-৭০নং স্মারকের সুপারিশ এবং যোগাযোগ মন্ত্রণালয়, সড়ক বিভাগ, বিআরটিএ সংস্থাপন অধিশাখার ০৯-০৩-২০১৪ তারিখের ৩৫.০২০.০০২.০০.০০.০২৮.২০১৩-৮৪ নং স্মারক মোতাবেক এ অথরিটির হিসাব রক্ষক জনাব সরদার মাহবুবুর রহমানকে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে ২০০৯ সনের জাতীয় বেতনক্রম ১১০০০-৪৯০×৭-১৪৪৩০-ইবি-৫৪০×১১-২০৩৭০ টাকায় ও তৎসহ সরকার কর্তৃক প্রদত্ত অন্যান্য ভাতাদিসহ হিসাব রক্ষণ কর্মকর্তা (১ম শ্রেণি) পদে অস্থায়ীভাবে পদোন্নতি প্রদান করা হলো।

**শর্তাবলী ঃ**

(ক) তিনি পদোন্নতির তারিখ থেকে ১ (এক) বৎসর শিক্ষানবিস হিসেবে কাজ করবেন। শিক্ষানবিস কালে তার আচরণ ও কর্ম সন্তোষজনক না হলে প্রয়োজনবোধে নিয়োগকারী কর্তৃপক্ষ কারণ লিপিবদ্ধ করতঃ শিক্ষানবিসের মেয়াদ সর্বসাকুল্যে ২ (দুই) বৎসর পর্যন্ত বর্ধিত করতে পারবেন।

(খ) শিক্ষানবিসকালে তার আচরণ ও কর্ম সন্তোষজনক না হলে কিংবা কর্মদক্ষ হওয়ার সম্ভাবনা না থাকলে সেক্ষেত্রে কর্তৃপক্ষ তাকে মূল পদে প্রত্যাবর্তন করতে পারবেন।

(গ) শিক্ষানবিসকালের মেয়াদ সন্তোষজনকভাবে উত্তীর্ণের পর বাংলাদেশ রোড ট্রান্সপোর্ট অথরিটি (কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা, ১৯৯২ এর ৬(৪) বিধি মোতাবেক পদোন্নতিকৃত পদে তাকে স্থায়ী করা যেতে পারে।

২। এ আদেশ জনস্বার্থে জারী করা হলো এবং অবিলম্বে কার্যকর হবে।

**মোঃ নজরুল ইসলাম**
চেয়ারম্যান।

---

## জেলা নির্বাচন অফিসারের কার্যালয়, কুড়িগ্রাম

**প্রজ্ঞাপন**

তারিখ, ২৭ এপ্রিল ২০১৪

**নং ১৭.০৮.৪৯০০.০০০.৪১.০০১.১৩.২৫৮**—নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা এর ২২ এপ্রিল ২০১৪ তারিখের স্মারকপত্র ১৭.০০.০০০০.০৭৯.৪১.০০২.১২(অংশ-৫)-৪৪০ এবং স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) নির্বাচন বিধিমালা, ২০১০ এর বিধি ৫(১) অনুযায়ী আমি মোহাম্মদ তাজুল ইসলাম, জেলা নির্বাচন অফিসার, কুড়িগ্রাম-এ জেলার নাগেশ্বরী, ভূরুঙ্গামারী ও উলিপুর উপজেলার কলাম ০৪ এ বর্ণিত পদের উপ-নির্বাচন অনুষ্ঠানের লক্ষ্যে কলাম ০৫ এ উল্লিখিত কর্মকর্তাগণকে রিটার্নিং অফিসার হিসাবে নিয়োগ করলাম ঃ

| ক্রমিক নং | উপজেলার নাম | ইউনিয়নের নাম | নির্বাচনের নাম | রিটার্নিং অফিসার |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| (১) | নাগেশ্বরী | রায়গঞ্জ | চেয়ারম্যান | উপজেলা নির্বাচন অফিসার, নাগেশ্বরী, কুড়িগ্রাম। |
| (২) | ভূরুঙ্গামারী | পাইকেরছড়া | ০৯ নং সাধারণ ওয়ার্ড সদস্য | উপজেলা নির্বাচন অফিসার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম। |
| (৩) | ভূরুঙ্গামারী | চর ভূরুঙ্গামারী | ০৩ নং সাধারণ ওয়ার্ড সদস্য | |
| (৪) | উলিপুর | বুড়াবুড়ি | ০৯ নং সাধারণ ওয়ার্ড সদস্য | উপজেলা নির্বাচন অফিসার, উলিপুর, কুড়িগ্রাম। |

**মোহাম্মদ তাজুল ইসলাম**
জেলা নির্বাচন অফিসার।

---

## বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী
## সদর দপ্তর

**প্রজ্ঞাপন**

তারিখ, ১৬ বৈশাখ ১৪২১/২৯ এপ্রিল ২০১৪

নং **৪৪.০৩.০০০০.০১৩.৩০.০০১.১৪-৪৯৮**—বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়ের স্মারক ঃ ৮০.১০৬.০১২.০১.০০.০০৭. ২০১০(অংশ-১).৪৪, তারিখ ঃ ২১ এপ্রিল ২০১৪ খ্রিঃ মূলে বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর নিম্নবর্ণিত ১৭০ (একশত সত্তর) জন ৩য় শ্রেণীর উপজেলা আনসার ও ভিডিপি প্রশিক্ষক-কে সার্কেল অ্যাডজুট্যান্ট/উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা,/সমমান (দ্বিতীয় শ্রেণীর গেজেটেড) পদে পদোন্নতির সুপারিশের প্রেক্ষিতে এবং স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের স্মারক ঃ ৪৪.০৩.০০০০.১১৪.০২.০০২.২০১১-১২৪,

তারিখ ঃ ২৯-০৪-২০১৪ খ্রিস্টাব্দ অনুযায়ী তাদের পদোন্নতি পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশনা মোতাবেক জাতীয় বেতন স্কেল ২০০৯-এর টাকাঃ ৮০০০-৪৫০×৭-১১১৫০-ইবি-৪৯০×১১-১৬৫৪০/-স্কেলে সার্কেল অ্যাডজুট্যান্ট/উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা,/ সমমান পদে পদোন্নতি প্রদান করা হলো এবং ৪নং কলামে উল্লিখিত স্থানে পদায়ন করা হলো, যা যোগদানের তারিখ থেকে কার্যকর হবে।

| ক্রমিক নং | নাম | পদবী ও বর্তমান কর্মস্থল | পদবী ও পদায়নকৃত কর্মস্থল |
|---|---|---|---|
| (১) | মোঃ মওলা করিম | উপজেলা আনসার ও ভিডিপি প্রশিক্ষক, দামুরহুদা, চুয়াডাঙ্গা। | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, দামুরহুদা, চুয়াডাঙ্গা। |
| (২) | মোঃ নূরুল ইসলাম | উপজেলা আনসার ও ভিডিপি প্রশিক্ষক, মুজিবনগর, মেহেরপুর। | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, আলমডাঙ্গা, চুয়াডাঙ্গা। |
| (৩) | মোঃ শাহজাহান আলী | উপজেলা আনসার ও ভিডিপি প্রশিক্ষক, শাহাজাদপুর, সিরাজগঞ্জ। | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, ফরিদপুর, পাবনা। |
